এই পেজ এর উপরে যে ওয়েব ঠিকানাটি দেখছেন সেটি Asia এর যে কোন দেশের হতে পারে। কিন্তু আপনি যদি বাংলাদেশি কোন হোটেল এর মালিক হন আর আপনি যদি Hotel in Asia এই কীওয়ার্ডটি ব্যবহার করেন তবে এই কী-ওয়ার্ডটি আপনার বাংলাদেশি ওয়েব সাইট এর জন্য খুব ভাল ফলাফল বয়ে আনবে না। কিন্তু আপনি যদি বাংলাদেশের কোন হোটেল এর মালিক হন এবং আপনার হোটেল এর ওয়েব সাইট এর জন্য উক্ত কী-ওয়ার্ড ব্যবহার করেন তাহলে আপনার ওয়েব সাইটটির জন্য ঐ কী-ওয়ার্ডটি ভাল ফলাফল বয়ে আনবে। নিচের চিত্রটি লক্ষ্য করুন ।

www.bcs.info



চিত্রঃ ৪.৩.৩ - Showing search result of hotel in Bangladesh

এখানে Hotel in Bangladesh লিখে সার্চ দেওয়া হয়েছে যার প্রথম পেইজ এর প্রথমে বাংলাদেশি কোন একটা হোটেল এর ওয়েব সাইট রয়েছে। এ সকল কারনে কী-ওয়ার্ড সিলেকশন এর ক্ষেত্রে স্থান বিষয়টি জড়িত থাকলে সেখানে স্থানটি আপনার প্রতিষ্ঠান এর সাথে সংগতিপূর্ণ করে দেওয়া ভাল এক্ষেত্রে এ সকল কী-ওয়ার্ড এর মাধ্যমে আপনার সাইট এর এসইও এর ক্ষেত্রে খুবই ভাল এবং দ্রুত ফলাফল পাওয়া যায়।

এখন আপনি আপনার ওয়েব সাইটটি নিয়ে মনোযোগ সহকারে চিন্তা করুন যে অন্য মানুষ আপনার ওয়েব সাইট নিয়ে কি চিন্তা করবে। অর্থাৎ অন্য মানুষ আপনার ওয়েব সাইটটি খোজার জন্য কোন ধরনের শব্দ বা কী-ওয়ার্ড ব্যবহার করবে সার্চ ইঞ্জিনে। অর্থাৎ অন্যেরা আপনার ওয়েব সাইট সম্পর্কে কি চিন্তা করবে সেটি আপনার চিন্তা করতে হবে। তাই এ বিষয়টি অত্যন্ত গুরুত্বের সাথে এবং অনেক সময় নিয়ে করুন। প্রথমত আপনি আপনার ওয়েব সাইট নিয়ে চিন্তা করুন এবং অন্যেরা কোন কী-ওয়ার্ড দিয়ে সার্চ করলে আপনার ওয়েব সাইট এর জন্য সে সকল কী-ওয়ার্ড গুলো টেক্সট এডিটর অথবা ওয়ার্ড প্রসেসরে টাইপ করে লিখে রাখুন। এক্ষেত্রে আপনি সময় নিন কেননা একেবারে সব কী-ওয়ার্ড আপনার মনে আসবে না তাই যখন আপনার যে কী-ওয়ার্ডটি মনে পড়বে তখনই সেটি লিখে রাখুন। আর একটি বিষয় সেটি হল আপনি যখন কী-ওয়ার্ড লিখবেন তখন আরো বেশি কী-ওয়ার্ড আপনার মনে পড়বে। তাই প্রতিদিন বেশি বেশি করে কী-ওয়ার্ড লিখতে থাকুন। তবে অনেক সময় মনে নাও আসতে পারে। এ ক্ষেত্রে থেমে না থেকে নতুন করে আবার ভাবুন এভাবে লিখতে থাকুন। এক সময় দেখবেন আপনি অনেক ভাল ভাবে কী-ওয়ার্ড লিখতে পারছেন্ কখনো এমন চিন্তা করবেন না যে আজকের মধ্যে কী-ওয়ার্ড এনালাইসিস শেষ করে ফেলবো কারন কী-ওয়ার্ড রিসার্চ বিষয়টি অনেক বুদ্ধিমত্তা এবং সৃজনশীলতার কাজ।

দ্বিতীয় ধাপে আপনি যে সকল কী-ওয়ার্ড নিয়ে চিন্তা করছেন এবং আপনার ওয়েব সাইটটি নিয়ে আপনার কাছের মানুষ যেমন বন্ধু, পরিবার কলিকদের সাথে আলোচনা করতে পারেন্ দেখবেন তাদের মাধ্যমে আপনি আরও অনেক ভাল ধারনা পাচ্ছেন। যেটা আপনাকে কী-ওয়ার্ড সিলেক্ট করতে সাহায্য করবে। আবার বিভিন্ন মানুষের সাথে কথা বলে নির্দিষ্ট করে জেনেনিতে পারেন অন্যরা কোন সকল কী-ওয়ার্ড দিয়ে সার্চ করে।

....

www.bookhub.info

তৃতীয় এখন দেখুন আপনি যে সকল কী-ওয়ার্ড গুলো লিখেছেন সেগুলোর বানান ঠিক আছে কিনা উল্লেখ্য যে কী-ওয়ার্ড গুলো অবশ্যই ইংরেজিতে লিখবেন কারন পৃথীবির প্রায় সকল মানুষ ইংরেজিতেই সার্চ করে। এখন আপনি যে সকল কীওয়ার্ড গুলো লিখেছেন সেগুলো ভালভাবে দেখুন। সেগুলোর বানান ঠিক আছে কিনা যদি ভুল থাকে তবে সেগুলো শুদ্ধ ভাবে লিখুন তবে এক মজার ব্যাপার আছে সেটি হল ভুল শব্দ ও অনেক সময় কী-ওয়ার্ড হিসেবে ব্যবহৃত হয়ে যায় কারন খুব কম সংখ্যক মানুষ আছে যারা কী-ওয়ার্ড যখন সার্চ করে তখন ভুল করে বানান ভুল করে বসে তখন ঐ ভুল বানানই কী-ওয়ার্ড হিসেবে ব্যবহৃত হয়ে যাবে।

কিন্তু আপনার টার্গেট অবশ্যই অধিকাংশ মানুষ যে ওয়ার্ড গুলো সার্চ করছে সেগুলো আপনার টার্গেট হবে। এবার আপনার তৈরিকৃত লিষ্ট থেকে যে সকল কী-ওয়ার্ডের সাথে আপনার ওয়েবসাইট এর কন্টেন্ট এর মিল নেই সেগুলো বাদ দিয়ে দিন। সর্বশেষে আপনার সিলেক্টেডকৃত কী-ওয়ার্ড দিয়ে সার্চ ইঞ্জিনে সার্চ করে দেখুন যে সকল ওয়েব সাইট আসবে তারা কোন কী-ওয়ার্ড ব্যবহার করেছে। এ সকল রিলেভেন্ট ওয়েব সাইট থেকে ও আপনি অনেক কী-ওয়ার্ড পাবেন।
এছাড়া কী-ওয়ার্ড চুজ করার জন্য কিছু টুলস ব্যবহার করা যায় যেগুলো পরবর্তীতে আমরা দেখবো।

৪.৪ কী-ওয়ার্ড রিচার্স টুল

কীওয়ার্ড রিসার্চ করার জন্য অনেক টুলস রয়েছে তার মধ্যে সর্বাধিক ব্যবহৃত টুলস হল Google Adwords এবং Wordtracker এ সকল টুলস ব্যবহার করে আপনি অনেক সহজে এবং খুব দ্রুত প্রয়োজনীয় কীওয়ার্ড গুলো বের করে আনতে পারবেন। এখন আমরা দেখবো কিভাবে Google Adwords এবং Wordtracker দিয়ে কীওয়ার্ড রিচার্স করতে হয়।

- Google Adwords > SEO বই
- Wordtracker > SEO বই

৪.৫ কী-ওয়ার্ডের গুন বোঝা

যে কোন ওয়েব সাইট এর ক্ষেত্রে সার্চ ইঞ্জিনের প্রথমে আসার জন্য সেই সাইটকে এসইও করা অপরিহার্য আর সেই সাইট এর সার্চ ইঞ্জিনের প্রথমে আসার জন্য অন পেইজ অপটিমাইজেশন সবচেয়ে গুরুত্বপূর্ণ একটি বিষয় আর অন পেইজ অপটিমাইজেশণ এর মূল স্তম্ভ হল কীওয়ার্ড। তাই যে কোন ওয়েব সাইট এর জন্য কীওয়ার্ড ব্যবহার করার পূর্বে আমাদের কীওয়ার্ড সমূহের গুন জানা দরকার আসলে মূল বিষয়টি হল আপনি যখন আপনার ওয়েব সাইট এর জন্য একটি ডোমেইন ঠিক করবেন এবং আপনার ওয়েব সাইটটি সার্ভারে আপ করবেন তখন পৃথীবির সমস্ত ইন্টারনেট ব্যবহারকারীরা যে আপনার ডোমেইন এর ঠিকানা জানবে সেটা নয় আর প্রকৃত পক্ষে এটা সম্ভবও না খুব বেশি হলে আপনি আপনার ডোমেইন এর কিছুটা লোকাল মার্কেটিং করতে পারেন কিন্তু এটা আপনার সাইট এর সার্চ ইঞ্জিনের প্রথমে আসার জন্য পর্যাপ্ত নয় কিন্তু আপনি যদি আপনার সাইটকে সার্চ ইঞ্জিনের প্রথমে আনতে চান তবে পৃথীবির অধিকাংশ ইন্টারনেট ব্যবাহাকারীরা যেন আপনার সাইট ভিজিট করতে পারে। সেই ব্যবস্থা করতে হবে।

কিন্তু মূল ব্যাপারটি হল ঐ সকল ইন্টারনেট ব্যবহারকারীরা যদি আপনার ওয়েব সাইট এর ঠিকানা না জানে তবে আপনার ওয়েব সাইটটি কিভাবে ভিজিট করবে? এ সমস্যার সমাধান হল কীওয়ার্ড। কীওয়ার্ড এর মাধ্যমে আপনি আপনার সাইট এর ঠিকানা ঐ সমস্ত ইন্টারনেট ব্যবহারকারীদের নিকট পৌছিয়ে দিতে পারেন।

....

www.bookbd.info

ধরাযাক আপনার সার্চ ইঞ্জিন অপটিমাইজেশন এর সার্ভিস এবং ট্রেনিং সম্পর্কিত কোন একটি প্রতিষ্ঠান রয়েছে এবং আপনার প্রতিষ্ঠান এর একটি ওয়েব সাইট রয়েছে। এখন যেহেতু সবার পক্ষে আপনার সাইট এর ঠিকানা সবার জানা সম্ভব নয় কিন্তু আপনার টার্গেট থাববে আপনার প্রতিষ্ঠান এর ওয়েব সাইটটি যেন সবাই দেখতে পায়।

এক্ষেত্রে সর্ব প্রথম আপনার প্রতিষ্ঠান এর সেবা সম্পর্কিত কীওয়ার্ড বাছাই করুন। যেগুলো অন্য সবার মনে আসবে এবং তারা সবাই ঐ সকল কীওয়ার্ড দিয়ে সার্চ করবে এখন এ সকল কীওয়ার্ড যখন আপনার সাইটে ব্যবহার করবেন তখন সকল ইন্টারনেট ব্যবহারকারী ঐ সকল কীওয়ার্ড দিয়ে যখন সার্চ ইঞ্জিনে সার্চ করবে এমতাবস্থায় আপনার সাইটকে যদি ভাল ভাবে এসইও করা হয়ে থাকে তখন আপনার সাইটটি সার্চ ইঞ্জিনের প্রথমে চলে আসবে তখন সমস্ত ইন্টারনেট ব্যবহারকারী আপনার সাইট দেখতে পাবে এবং সবাই ভিজিট করবে আর এটি সম্ভব হল একমাত্র কীওয়ার্ড এর কারনে। কীওয়ার্ডের ফলে পৃথীবির সমস্ত ইন্টারনেট ব্যবহারকারী আপনার সাইট এর ঠিকানা পেয়ে যাবে। অতি সহজেই এতে একদিকে যেমন আপনার সাইটের যেমন ভিজিটর বাড়বে অন্যদিকে আপনার প্রতিষ্ঠান এর পরিচিতি পাবে এবং আপনার প্রতিষ্ঠান এর পরিচিতি বাড়লে সেটা অবশ্যই আপনার প্রতিষ্ঠান এর লাভ।

সর্বোপরি আপনি যদি আপনার প্রতিষ্ঠান এর অনলাইন মার্কেটিং করতে চান সেক্ষেত্রে আপনার ওয়েবসাইট তথা ওয়েব সাইট এর কীওয়ার্ড হল আপনার প্রতিষ্ঠান এর অনলাইন মার্কেটিং এর মূল স্তম্ভ।

তাই প্রত্যেকটা ওয়েব সাইট এর জন্য সেই ওয়েব সাইট এর কীওয়ার্ড গুলো অনেক গুন বহন করে। তবে এখানে কিছু বিষয় কাজ করে আর সেটা হল আপনার ওয়েব সাইট এর সেবার সাথে আপনার কীওয়ার্ডের রিলেটিভিটি। যদি আপনার ওয়েব সাইট এর পন্য বা সেবার সাথে এক কথায় কন্টেন্ট এর সাথে কীওয়ার্ডের মিল থাকে তাহলে সেটা আপনার ওয়েব সাইট এর পরিচিতি জন্য অনেক গুন বহন করবে। কিন্তু যদি ওয়েব সাইট এর কন্টেন্ট এর সাথে কীওয়ার্ডের মিল না থাকে সেক্ষেত্রে আপনার ওয়েব সাইট এর জন্য এসকল কীওয়ার্ড বুমেরাং হিসেবে কাজ করতে পারে। তাই অতি সাবধানতার সাথে ওয়েব সাইট এর কন্টেনট এর সাথে মিল রেখে কীওয়ার্ড নির্বাচন করতে হবে।

৪.৬ কী-ওয়ার্ডের সঠিক ব্যবহার/বিতরণ।

কী-ওয়ার্ড নির্বাচন এরপর আপনাকে যে কাজটি খুব যত্নসহকারে এবং গুরুত্ব দিয়ে করতে হবে সেগুলো হলো কী-ওয়ার্ডের সঠিক বিতরন। অনপেইজ অপটিমাইজেশনের ক্ষেত্রে কী-ওয়ার্ড আপনি অনেক গুলো ট্যাগ হিসেবে ব্যবহার করতে পারেন। এগুলো হলো ঃ

১। টাইটেল ২। কী-ওয়ার্ড ৩। ডেসক্রিপশন ৪। ইমেজ অলটারট্যাগ এবং ৫। হেডিং ট্যাগ।

৪.৭ কী-ওয়ার্ডের ট্যাগের প্রকারভেদ।

কী-ওয়ার্ড ট্যাগকে আবার তিন ভাগে ভাগ করতে পারেন।

যথাঃ 1) Keyword (v.v.i) 2) Keyword (Improtant) 3) Keyword.

অর্থাৎ আপনি যে সকল কী-ওয়ার্ড নির্বাচন করবেন তার মধ্যে আপনার টার্গেট করা কী-ওয়ার্ড গুলো টাইটেল ট্যাগ এর মধ্যে দিয়ে দিন।

....

www.bookbd.info

৪.৮ টাইটেল ট্যাগ এর ব্যবহার।

<titlle> এই স্থানে আপনার কী-ওয়ার্ড গুলো </title>



চিত্রঃ ৪.৮.১- টাইটেল ট্যাগ

৪.৯ মেটা ডেসক্রিপশন ট্যাগ

<meta name=" description" content=" কীওয়ার্ড এর ভিত্তি করে আপনার ওয়েব সাইট এর সংক্ষিপ্ত বর্ণনা" /> এরপর অনেক গুরুত্বপূর্ণ একটি ট্যাগ হল Keyword আপনার ওয়েব সাইটটি যদি কোন CMS দিয়ে করে থাকেন তবে আপনি অতি সহজেই এই কী-ওয়ার্ড গুলো অনেক ভাবে ব্যবহার করাতে পারেন। তবে CMS ছাড়া আপনি কী-ওয়ার্ড গুলো আলাদা ট্যাগে ব্যবহার করতে পারেন।

V.V.I কী-ওয়ার্ড গুলো Keyword ট্যাগে ব্যবহার করুন।

এরপর আসবে আপনার ডেসক্রিপশন ট্যাগটি ডেসক্রিপশন ট্যাগটি মূলত আপনার ওয়েব সাইট এর একটি ছোট বর্ণনা যা সার্চ ইঞ্জিনে সার্চ করলে আপনার ওয়েব সাইটটি যখন সার্চ ইঞ্জিনে দেখাবে তখন এই ছোট বর্ণনাটি দেখাবে। এই ডেসক্রিপশন এমস ভাবে লেখা উচিৎ যেন এই বর্ণনাটুকু ট্রাফিক পড়ে বুঝতে পারে আপনার ওযেব সাইট এ কি আছে। আর এই ডেসক্রিপশন এর বর্ণনাতে আপনি আপনার কিছু কী-ওয়ার্ড ব্যবহার করতে পারেন।

www.bookbd.info

....



চিত্রঃ ৪.৯.১- মেটা ডেসক্রিপশন ট্যাগ

৪.১০ মেটা কী-ওয়ার্ড ট্যাগ এর ব্যবহার

<meta name=" keyword" content="আপনার নির্বাচিত V.V.I কীওয়ার্ড গুলো" />



চিত্রঃ ৪.১০.১ মেটা কী-ওয়ার্ড ট্যাগ

৪.১১ হেডিং ট্যাগ কি?

এরপর Improtant কীওয়ার্ড গুলো উক্ত নিয়মে আর একটি কীওয়ার্ড ট্যাগ ব্যবহার করুন। এরপর আপনার যে কিওয়ার্ড গুলো অবশিষ্ট থাকলো সেগুলো হেডিং ট্যাগ এবং ইমেজ অল্টার ট্যাগ এ ব্যবহার করুন।

হেডিং ট্যাগ হল আপনার ওয়েব সাইট এর যে আর্টিকেল রয়েছে সেই আর্টিকেল এর ভিতরের কোন ওয়ার্ডকে আপনি হাইলাইট করতে চান সেক্ষেত্রে এই Heading ট্যাগ ব্যবহার করা যায়। Heading ট্যাগ h1, h2, h3, h4, h5, h6 এই ছয় রকম হয়। সবগুলো ট্যাগ একইভাবে লিখতে হয় পার্থক্য হলো h1 এর আউটপুট সবচেয়ে বড় লেখা এভাবে পর্যায়ক্রমে h6 এ সর্বচেয়ে ছোট লেখা।

....

www.i-ban.info

Heading ***ট্যাগ হলোঃ***

<h1> আপনার আর্টিকেল হেডিং </h1>

চিত্রঃ ৪.১১.১ হেডিং ট্যাগ

৪.১২ অল্টার ট্যাগ এর ব্যবহার।

এরপর সর্বশেষে হলো ইমেজ অল্টার ট্যাগ।

Image এর বিষয়টি হলো সার্চ ইঞ্জিন Image Read করতে পারে না। তাই আপনি যদি আপনার ওয়েব সাইট এ অতিরিক্ত ইমেজ ব্যবহার করেন তাহলে সেটি শুধুমাত্র আপনার ওয়েব সাইটকে ভারি করবে। অবশ্য আপনার ওয়েব সাইট এর সৌন্দর্য বাড়ানোর জন্য ইমেজ ব্যবহার করতেই পারেন। কিন্তু এটি আসলে ঐ ওয়েব সাইট এর এসইও এর ক্ষেত্রে অকার্যকর। কিন্তু এই ইমেজকে আপনি ইমেজ অল্টার ট্যাগ এর মাধ্যমে সার্চ ইঞ্জিনের এসইও এর ক্ষেত্রে কী-ওয়ার্ড ব্যবহার করে ইমেজ কাজে লাগাতে পারেন। কারন আপনি যখন ইমেজ অল্টার ট্যাগ ব্যবহার করবেন তখন অল্টার ট্যাগ এ আপনি কী-ওয়ার্ড ব্যবহার করতে পারবেন তখন সার্চ ইঞ্জিন এই ইমেজ এর স্থলে আপনার কী-ওয়ার্ড গুলোকে index করবে। যেটা আপনার সাইটকে সার্চ ইঞ্জিনের প্রথমে আসতে খুব বেশি সাহায্য করবে।

ইমেজ অল্টার ট্যাগটি হলোঃ

www.bookbd.info


Source of: http://www.doodlei.net/ - Mozilla Firefox
File Edit View Help

<img src="images/icon_development.jpg" alt="infosys bd- software development" width="71" height

<ul class="hi_text_link">
Software Development
Web Application Development
CMS Development

<!-- highlights development div -->
<!-- highlights solution div -->

<h1>Software Solution</h1>

<ul class="hi_text_link">

আমরা মূল উপরের বিষয় গুলোতে কীওয়ার্ড ব্যবহার করবো কার সার্চ ইঞ্জিন একটি সাইট এর উপরে উল্লেখিত বিষয় গুলো ইনডেক্স করে। আর একটি গুরুত্বপূর্ণ বিষয় বলে দেওয়া ভাল আপনি যখন আাপনার সাইট এর ডোমেইন নেম নির্বাচন করবেন। তখন এমন একটি ঠিকানা চিন্তা করুন যেন যে কেউ আপনার ওয়েব সাইট এর ঠিকানা দেখলেই বুঝতে পারে এটি আসলে কোন ধরনের ওয়েব সাইট। এটি আপনার ওয়েব সাইট এর পরিচিতি বাড়াতে সাহায্য করবে।

www.boo

....

অধ্যায়-৫ গুগল অ্যানালাইটিক

(Google Analytics)

৫. গুগল অ্যানালাইটিক (Google Analytics)

এই অধ্যায়ে আমরা Google Analyties এর বেসিক থেকে যে সকল বিষয় গুলো সেখান থেকে আলোচনা করবো। সেকারনে এই অধ্যাযের নাম দেওয়া হয়েছে Google Analyties এর হাতে খড়ি। আসুন দেখি কিভাবে Google Analyties নিয়ে কাজ করতে হয়।

৫.১ গুগল অ্যানালাইটিক

Google Analyties এ নিয়ে আলোচনা করতে গেলে প্রথমে আসে Analyties আসলে কি?
Analyties শব্দের পরিভাষা হল পরিসংখ্যান পর্যবেক্ষন বা বিশ্লেষন করা। আর ওয়েবে Analyties হল বিভিন্ন ওয়েবলিংক এর বিভিন্ন অবস্থা বা হিট পর্যবেক্ষন করা। যেমন ধরুন আপনি কোন সার্ভারের আন্ডাকে কোন মুভি ডাউনলোড করছেন অথবা কোন সার্ভারে কোন মুভি ডাউনলোড লিংক রেখে দিয়েছেন। এখন যদি এই লিংকের Analysis করেন তাহলে বিষয়টি এমন দাড়াবে যে ঐ লিংক এর মাধ্যমে মুভিটি কতজন কবে ডাউনলোড করেছে। কখন করেছে সর্বোচ্চ কতজন কবে ডাউনলোড করেছে। বর্তমানে কতজন ডাউনলোড রত অবস্থায় আছে ইত্যাদি এ সকল বিষয় গুলো পর্যবেক্ষণকে Analyties বলে।

৫.২ গুগল অ্যানালাইটিক কেন ব্যবহার করবেন?

আপনি যখন একটি ওয়েব সাইট করবেন তখন আপনার ঐ ওয়েব সাইট নিয়ে একটি নিগুড় পরিকল্পনার থাকে এবং আপনার অনেক আশা থাকে ঐ ওয়েব সাইটটি নিয়ে কিন্তু সমস্যা হল যে কোন ওয়েব সাইট এর বর্তমান অবস্থা সম্পকে জানা না থাকে ঐ ওয়েব সাইটটি ভবিষ্যৎ পরিকল্পনা করতে অনেক অসুবিধা হবে। এসকল সমস্যার সমাধান করতেই Google Analyties ব্যবহার করতে পারেন।
আপনার ওয়েব সাইট এর বর্তমান অবস্থা বলতে বোঝায় আপনার ওয়েব সাইটের আসলে জনপ্রিয়তা কেমন। আপনার ওয়েব সাইটের প্রতিদিন কত ভিজিটর আসছে। কোন কোন আটিকেল বেশি পছন্দ করছে। আবার সার্চ ইঞ্জিন থেকে আপনার সাইট এ কোন কীওয়ার্ড এর মাধ্যমে কত জন আপনার আসছে। এসকল বিষয় জানার জন্য Google Analyties খুবই উপকারী একটি সাইট।

৫.৩ গুগল অ্যানালাইটিক কিভাবে কাজ করে

আপনি যখন গুগল এ আপনার ওয়েব সাইটটি সাবমিশন করবেন তখন গুগল আপনার সাইটটিকে ইনডেক্স করবে এবং আপনার সাইট এর প্রতিনিয়ত যে সকল ঘটনা ঘটবে অর্থাৎ আপনার সাইট নিয়ে ট্রাফিক কি করবে বা কি দেখবে কতক্ষন থাকবে এ সকল বিষয় গুলোর উপর খেয়াল রাখে এবং এ গুলোর ডাটা সংগ্রহ করে এবং সংরক্ষন করে। পরে এ সকল ডাটা আপনি Google Analyties এর মাধ্যমে আপনি দেখতে পাবেন। Google Analyties মূলত এ সকল ডাটা সংগ্রহ এবং সংরক্ষন করার মাধ্যমে আমাদের সেবা দিয়ে থাকে। এছাড়া এ সকল ডাটা সংগ্রহ করে Google Analyties বুঝতে পারে কোন ওয়েব সাইট এর কি অবস্থা আছে এবং ঐ অবস্থা সম্পর্কে Google Analyties আপনাকে বিভিন্ন রকম সাজেশন দিতে পারে। এখন চলুন আমরা দেখি হয়।

www.bookbd.info

৫.৪ গুগল অ্যানালাইটিক এ অ্যাকাউন্ট তৈরি

Google Analyties দিয়ে কোন কাজ করতে হলে প্রথমে দরকার আপনার নিজস্ব একটি Gmail Account যে অ্যাকাউন্ট দিয়ে আপনি Google Analyties অ্যাকাউন্ট ভিতরে প্রবেশ করার অনুমতি পাবেন।

Google Analyties এ প্রবেশ করার জন্য প্রথমে www.google.com/analyties/ এই লিংকটিতে ভিজিট করুন তাহলে নিচের চিত্রানুযায়ী একটি পেজ দেখতে পাবেন।



চিত্রঃ ৫.৪.১ Front page of Google Analytics

এখন চিত্রের উপরে ডান পাশে দেখুন Create an Account নামে একটি বাটন আছে। এখানে ক্লিক্ করুন। তাহলে Gmail Account চেয়ে একটি পেইজ আসবে।

www.it-info

....



চিত্রঃ ৫.৪.২-Gmail Account of Google Analytics

এখন এখানে আপনার Gmail এর Mail Address এবং password দিয়ে Sign in করুন। তাহলে আপনি Google Analyties এর পেইজে প্রবেশ করবেন।



চিত্রঃ ৫.৪.৩ Create Account of Google Analytics

এখন নিচের চিত্রানুযায়ী Sign in বাটনে ক্লিক্ করুন।

....



চিত্রঃ ৫.৪.৪ - Sing in Button of Google Analytics

এখন আপনি Google Analyties এর মূল পেজটিতে এ প্রবেশ করেছেন। এই পেইজ এ আপনি আপনার ওয়েব সাইট এর ঠিকানা সাবমিট করতে পারবেন। এখানে আপনার ওয়েব অ্যাড্রেসটি সাবমিট করার সাথে সাথে Category এবং Website Name টি ও Submit করতে হবে এবং Account Name দিয়ে দিতে হবে। এর Get Tracking ID নামক বাটনে ক্লিক্ করুন।



চিত্রঃ ৫.৪.৫ Tracking ID Button Google Analytics

এখন Term of Service নামে নতুন একটি পেইজ আসবে যেখানে I Accept বাটনে ক্লিক্ করুন।



চিত্রঃ ৫.৪.৬ Accept Button of Google Analytics

এখন যে পেইজটি দেখতে পাচ্ছেন সেখানে একটি Tracking code লেখা পেইজ দেখা যাচ্ছে এটি হল আপনার ট্যাকিং কোড। এটি শুধুমাত্র আপনার সাইট এর জন্য প্রযোজ্য।



চিত্রঃ ৫.৪.৭ Tracking ID for your website

www.bookinfo

এভাবে আপনি আপনার সাইট এর জন্য Google Analyties এ Account করতে পারবেন এবং আপনার সাইট এর জন্য ট্যাকিং কোড পাবেন। এই কোডটিকে সযত্নে রেখে দিন। এর সাথে আপনি একটি ট্যাকিং আইডি ও পাবেন। ট্যাকিং আইডি ও সযত্নে সেভ করে রাখুন।
এখন এই ট্যাকিং আইডি এবং ট্যাকিং কোডকে আপনার সাইটে অ্যাকটিভ করার পালা।
Google Analyties এর Tracking code আপনার সাইটে বসান।

৫.৫ গুগল অ্যানালাইটিক এর ট্রাকিং কোড ওয়ার্ডপ্রেসে স্থাপন করা

ওয়ার্ডপ্রেসে অ্যানালাইটিক সেট করার জন্য অনেক ধরনের Plug in পাওয়া যায়। তার মধ্যে wp google analyties নামের যে Plug in টি পাওয়া যায় এটি ব্যবহার করে দেখতে পারেন অনেক ভাল কাজ দেয়। এই প্লাগিন্সটি। এখন এই প্লাগিনটি ডাউনলোড করে ইনস্টল করুন। এরপর এর সেটিং মেনুতে আর একটি মেনু পাবেন এখানে ক্লিক্ করুন এরপর আপনার কোডটি দিয়ে দিন। এভাবে ওয়ার্ডপ্রেস এ আপনি আপনার সাইট এর ট্যাকিং কোড দিয়ে দিতে পারেন।

৫.৬ গুগল অ্যানালাইটিক এর ট্রাকিং কোড জুমলায় স্থাপন করা

আপনার সাইটটি যদি জুমলাতে করা থাকে সেক্ষেত্রে BIGSHOT Google Analyties নামের এক্সটেনশনটি ডাউনলোড করে ইনস্টল করে নিন। তারপর আপনার সাইট এর Extension> Plug in magager অপশন যান এরপর System Bigshot Google Analyties এ ক্লিক্ করুন। তাহলে একটি এডিটর প্যানেল আসবে এখানে আপনি আপনার সাইটএর (UA) সিরিজের কোডটি সাবমিট করতে পারবেন।

৫.৭ গুগল অ্যানালাইটিক এর ট্রাকিং কোড এইচটিএমএল সাইট এ স্থাপন করা

এছাড়াও আপনি যদি আপনার সাইটটি ওয়ার্ডপ্রেস বা জুমলা দিয়ে না করে শুধুমাত্র HTML এবং css দিয়ে করেন সেক্ষেত্রে আপনার সাইট এর যে কয়টি পেইজ এর ডাটা আপনি দেখতে চান সে পেইজ গুলোতে (UA) ট্যাকিং কোডটি দিয়ে দিন। এভাবে আপনি Google Analyties এর ট্যাকিং কোড আপনার ওয়েব সাইট এ বসাতে পারেন।

www.bookbd.info

নিজে নিজে ব্লগ এবং ডাইনামিক ওয়েবসাইট তৈরি

বিগীনিং ওয়ার্ডপ্রেস

From Novice to Professional

ওয়ার্ডপ্রেস হচ্ছে একটি ওপেন সোর্স সফটওয়্যার যা দিয়ে যে কেউ নিজে নিজে খুব সহজে ব্লগ এবং ডাইনামিক ওয়েব সাইট তৈরি করতে পারবেন, যার চাহিদা সারা বিশ্বব্যাপী। ওয়ার্ডপ্রেস-হোস্টিং এর জন্য কোন টাকা লাগেনো। আর এর জন্য কোন প্রোগ্রামিং নলেজেরও প্রয়োজন নেই। ইন্টারনেটের মাধ্যমে টাকা উপার্জনের একটি সহজ উপায় হলো ব্লগিং।

ইন্টারনেট থেকে টাকা উপার্জনের কৌশল।

www.freeonlinemoneyearning.com

মোঃ মিজানুর রহমান

www.southasianict.com

অধ্যায়-৬ লোকাল সার্চ

৬.১ কী-ওয়ার্ড সার্চ এর প্রকার ভেদ

যখনই কী-ওয়ার্ড প্রসঙ্গ আসে সেই সাথে কী-ওয়ার্ড সার্চ এর বিষয়টি আসে কেনান কী-ওয়ার্ড সার্চ এর মাধ্যমে আপনি আপনার কাঙ্খিত ওয়েব সাইটটি খুজে পাবেন।

কী-ওয়ার্ড সার্চ মূলত দুই ভাবে হয়ে থাকে একটি হলো গ্লোবাল সার্চ এবং অপরটি হলো লোকাল সার্চ।

৬.২ লোকাল সার্চ কি?

আপনি যখন একটি ওয়েব সাইট করবেন তখন আপনার উদ্দেশ্য থাকবে এই ওয়েব সাইট এর মাধ্যমে আপনার প্রতিষ্ঠান এর সেবা বা পন্য অন্যান্য সকল ট্রাফিক এর কাছে পৌছে দেওয়া। আর ট্রাফিক বা ভিজিটর এর কাছে আপনার প্রতিষ্ঠান এর সেবা বা পন্য পৌছে দেওয়ার অন্যতম প্রধান উপায় হল কী-ওয়ার্ড। বিষয়টি এ রকম যারা আপনার ওয়েব সাইট এর ঠিকানা জানে না তারা ও যেন কী-ওয়ার্ড এর মাধ্যমে আপনার ওয়েব সাইটটি খুজে পায়।

এখন আসি মূল বিষয়ে যেটা হলো লোকাল সার্চ কি?

ধরুন আপনি বাংলাদেশে বাস করেন। সেক্ষেত্রে আপনার বাংলাদেশে ব্যবসা প্রতিষ্ঠান আছে আর এই ব্যবসার জন্য আপনার একটি ওয়েব সাইট রয়েছে যেটি বাংলাদেশের কোন সার্ভারে রয়েছে। এখন আপনার এই ওয়েব সাইটটি খুজে পেতে শুধুমাত্র বাংলাদেশ হতে কতজন আপনার ওয়েব সাইট এর কীওয়ার্ড দিয়ে সার্চ ইঞ্জিনে সার্চ করেছে তাকে বলা হয় লোকার সার্চ।

Google Adwords কীওয়ার্ড Tools মূলত কীওয়ার্ড সার্চ এর হিসেবটা এক মাসের করে। অর্থাৎ Google Adwords এর হিসেবে গ্লোবাল সার্চ কে Global Monthly Search বলে এবং লোকাল সার্চকে Local Monthly Search বলে।

৬.৩ গ্লোবাল সার্চ কি?

এর বিষয়টি আগে বলে নেওয়া ভাল গ্লোবাল সার্চ হলো আপনি আপনার ওয়েব সাইটটির জন্য যে সকল কী-ওয়ার্ড তৈরি করেছেন সেই সকল কী-ওয়ার্ড গুলো দিয়ে সারা বিশ্বে কত জন ইন্টারনেট ব্যবহারকারী সার্চ করেছে আপনার ওয়েব সাইটটি পাওয়ার জন্য।

এক কথায় বলা যায় আপনার ওয়েব সাইট এর কী-ওয়ার্ড দিয়ে বিশ্বে কতজন মানুষ সার্চ ইঞ্জিনে সার্চ করেছে তাকে গ্লোবাল সার্চ বলে।

৬.৪ লোকাল সার্চ এর জন্য সাইটকে অপটিমাইজ করা

আপনি যখন আপনার ব্যবসা বা প্রতিষ্ঠান এর জন্য একটি ওয়েব সাইট করবেন তখন আপনার ব্যবসার বা প্রতিষ্ঠান এর পন্য বিক্রি বা যে কোন ধরনের সোব দেওয়ার জন্য টার্গেট করতে হবে আপনার লোকাল মার্কেটের মানুষ গুলোকে। আপনার লোকাল মার্কেটের মানুষ গুলো খুব সহজেই যেন আপনার ওয়েব সাইট এর মাধ্যমে আপনার প্রতিষ্ঠানকে খুজে পায়। সে জন্য লোকাল সার্চের জন্য ওয়েব সাইটকে বিশেষ ভাবে অপটিমাইজ করতে

www.bookbd.info

হবে। ব্যবসাতে প্রতিষ্ঠাত হওয়ার জন্য লোকাল মার্কেট শক্তিশালী করা খুবই গুরুত্বপূর্ণ। হাতে গোলা কয়েক রকম ব্যবসাবাদ দিয়ে প্রায় সব রকম ব্যাবসাতেই এই লোকাল মার্কেট শক্তিশালী করা অত্যন্ত জরুরী।

লোকাল সার্চের জন্য সাইটকে অপটিমাইজ করার অর্থ হল আপনার প্রতিষ্ঠানটি যে অঞ্চলে বা দেশে অবস্থিত সেই অঞ্চল বা দেশের মানুষ যেন সার্চ ইঞ্জিন এ কী-ওয়ার্ড দিয়ে সার্চ করলে আপনার ওয়েব সাইটটি যেন পায়। এই রকম কী-ওয়ার্ড গুলো আপনার ওয়েব সাইট এর অন পেজ কে সাজাতে হবে অথবা অপটিমাইজ করতে হবে।

৬.৫ *লোকাল সার্চের ভবিষ্যৎ*

লোকাল সার্চের ভবিষ্যৎ কে আমরা দুই ভাবে ব্যাখ্যা করতে পারি একটি হলো শুধুমাত্র আপনার ওয়েব সাইট এর এবং দ্বিতীয়টি হল ওয়েব সাইট এর মাধ্যমে আপনার ব্যবসা বা প্রতিষ্ঠান এর লোকাল সার্চের মাধ্যমে ওয়েব সাইট এর ভবিষ্যৎ বলতে বোঝায় লোকাল সার্চ করে ওয়েস সাইট টি ভবিষ্যৎ সঠিক ভাবে আপনার ওয়েব সাইটটিকে অপটিমাইজ করতে পারেন তবে এবং এটিকে লোকাল সার্চের জন্য ও প্রস্তুত করেন তাহলে লোকাল মার্কেটে এটি অবশ্যই অনেক বড় একটি প্রভাব ফেলবে। তবে আপনাকে অবশ্যই এই ওয়েব সাইটটি নিয়ে লোকাল মার্কেটিং করতে হবে। অর্থাৎ লোকাল মানুষ জনকে আপনার এই ওয়েব সাইট এর ঠিকানা জানাতে হবে। যেহেতু লোকাল সার্চ এর জন্য আপনার ওয়েব সাইট কম্পিটিশন কম হবে ফলে অতি সহজেই আপনি আপনার ওয়েব সাইটকে প্রথমে নিয়ে আসতে পারবেন।

আবার আপনার ব্যবসা বা প্রতিষ্ঠান এর ভবিষ্যৎ বলতে বোঝায় আপনি যদি আপনার ওয়েব সাইটকে সঠিক ভাবে মানুষের কাছে পৌছিয়ে দিতে পারেন তবে মানুষ আপনার ওয়েব সাইটটি ভিজিট করবেই আর যত বেশি মানুষ আপনার ওয়েব সাইট ভিজিট করবে আপনার ব্যবসার পরিচিতি তত বাড়বে। একটি জিনিস লক্ষ্য করুন আপনি যদি আপনার ওয়েব সাইট এর মার্কেটিং করান তাহলে আপনি কি করবেন? আপনি টিভিতে বিজ্ঞাপন দিবেন, মার্কেটিং এর জন্য কর্মচারী নিয়োগ দিবেন কিন্তু এক বার ও কি ভেবে দেখেছেন। এই বিষয়টি অনেক ব্যাবহুল এবং সময় সাপেক্ষ ও বটে। কিন্তু ওয়েব সাইট এর মাধ্যমে আপনি অতি সহজে আপনার ওয়েব সাইট এর মার্কেটিং করতে পারেন। এতে আপনার সময় বাচবে এবং আপনার ব্যায় ও কমবে যেটি সর্বোপরি আপনার ব্যবসার জন্য লাভজনক।

লোকাল সার্চের জন্য একটি ব্যাতিক্রমী বিষয় হলো যে আপনি আপনার ওয়েব সাইটটি লোকাল সার্চের জন্য অপটিমাইজ করেছেন কিন্তু এটি কিন্তু অনেক সময় গ্লোবাল সার্চের কাজ করে। একটা উদাহরন দেওয়া যাক ধরুন আপনার একটি গার্মেন্টস অথবা Buying House আছে। এ সকল ব্যবসার প্রধান ক্রেতা কিন্তু দেশের বাইরের হয়। সেক্ষেত্রে দেশের বাইরের ক্রেতা যখন বাংলাদেশের কোন Buying House এর খোজ করবে তখন সে সার্চ ইঞ্জিনে অবশ্যই Buying House in Bangladesh লিখে সার্চ করবে। এখন আপনি আপনার সাইট এর কী-ওয়ার্ড দিয়েছেন Buying House in Bangladesh যদিও এটি লোকাল সার্চের জন্য প্রধানত কিন্তু এসব ক্ষেত্রে কিন্তু উক্ত কী-ওয়ার্ড গ্লোবাল সার্চ হিসেবে কাজ করে। আপনি আপনার ওয়েব সাইটকে আরও অপটিমাইজ করতে পারেন যদি Buying House in Dhaka দেন তাহলে আপনার ওয়েব সাইট এর জন্য উক্ত কী-ওয়ার্ডটি আরও নির্দিষ্ট হলো এতে আপনার ওয়েব সাইট এর কম্পিটিশন আরো কমে যাবে। কিন্তু সাইটটি এত বেশি অপটিমাইজ না করাই ভালো। লোকাল সার্চের ক্ষেত্রে ওয়েব সাইটকে ভাল করে লোকাল মার্কেটিং করা জরুরী।

....

www.boookbd.info

৬.৬ *গুগল প্লাস লোকাল কি?* (What is Google+Local?)

Google + Local মূলত গুগল এর একটি অনলাইন সেবা যার মাধ্যমে যে কোন স্থান অনলাইন এ খুজে পেতে পারেন। Google + Local এর মাধ্যমে আপনি যে কোন জায়গা খুজে পাবেন এবং Google+Local আপনাকে দেখিয়ে দেভে কিভাবে ঐ স্থানে আপনি যাবেন।

Google + মূলত স্থানীয় ভাবে যারা ইন্টারনেট ব্যবহার করেন তাদের জন্য গুগল প্লাস খুবই সহায়তা করে। এখানে মূলত আপনাকে গুগল প্লাসকে বলে দিতে হবে আপনি কোথায় যেতে চান। এরপর গুগল নিজেই সার্চ করে বলে দিবে আপনার গন্তব্য স্থান সম্পর্কে।

Google + Local *এর মাধ্যমে আপনি আরো যে কাজ গুলো করতে পারেন সেগুলো হল*

১। আপনার প্রিয় জায়গা সম্পর্কে পর্যালোচনা এবং সেই জায়গার ছবি প্রকাশ।

২। ছবি বা আলোচনা বা অন্যান্য দরকারী তথ্য দেখতে পারেন যেটা আপনার ব্যবসার জন্য সহায়ক ।

৩। পরিচিত নামধারী ব্যক্তির ঠিকানা ও পেতে পারেন Google+Local এর মাধ্যমে।

অতএব উক্ত আলোচনা থেকে এটা বোঝা যায় যে Google+Local মূলত একটি ম্যাপ প্রকাশ করে থাকে আমরা Google Map বলি।



চিত্রঃ ৬.৬.১ Google Map

গুগল ম্যাপ আপনার ব্যবসার জন্য খুবই উপকারী একটি সিস্টেম। এই ম্যাপ এর মাধ্যমে আপনি আপনার কাঙ্খিত প্রতিষ্ঠান খুব সহজে খুজে পাবেন আবার নিজের প্রতিষ্ঠান সম্পর্কে অন্যকেও জানাতে পারবেন।
এখনকার দিনে গুগল ম্যাপ এর কার্যকারীতার জন্য ইন্টারনেট ব্যবহারকারীরা এটি ব্যবহারে আকৃষ্ট হচ্ছেন তারই ধারাবাহিকতায় এটি বিভিন্ন মোবাইল, আইফোন ইত্যাদি ক্ষেত্রে জনপ্রিয় Apps হিসেবে ব্যবহৃত হচ্ছে।

৬.৭ *গুগল প্লাস লোকাল বসানো ও অপটিমাইজ করা*

Google+Local বসানো ও অপটিমাইজ করা খুবই সহজ একটি কাজ। এই কাজের জন্য প্রথমে www.google.com এই সার্চ ইঞ্জিনে ভিজিট করুন এরপর নিচে দাগঙ্খিত স্থানে অর্থাৎ Map লেখা স্থানে ক্লিক্ করুন।

....

www.kbd.info

চিত্রঃ ৬.৭.১ Google Map Button From Google

এর নিচের চিত্রের মত একটি চিত্র দেখতে পাবেন যেখানে একটি ম্যাপ দেখাবে।



চিত্রঃ ৬.৭.২ - Google Map and your place

উক্ত চিত্র অনুযায়ী দাগাঙ্খিত স্থানে অর্থাৎ Myplace লেখা স্থানে ক্লিক্ করুন তাহলে দেখবেন। Set home Localtion এবং Set work Location নামে দুইটি অপশন আসবে।



চিত্রঃ ৬.৭.৩ Set Your Location in Google Map

....

এখন এই স্থান হতে আপনি আপনার কাঙ্খিত জায়গা সিলেক্ট করে দিন এবং আপনার প্রতিষ্ঠান চিহ্নিত করে দিন এরপর উক্ত ফাইলটি সেভ করে আপনার ওয়েব সাইট এর সার্ভারে আপ করুন। এভাবে Google+Local আপনার ওয়েব সাইটে বসাতে পারেন এবং অপটিমাইজ করতে পারেন।



৬.৮ *আরও বেশি তথ্য সূত্র পাওয়া*

মূলত Google Analyties এর মাধ্যমে আপনি আপনার ওয়েব সম্পর্কে অনেক তথ্য পাবেন কিন্তু মনে রাখবেন এখানেই শেষ নয়। আপনি হয়তোবা Google Analyties এর তথ্যের মাধ্যমে আপনার ব্যবসার অবস্থান সম্পর্কে একটি ধারনা পাবেন কিন্তু এটি আপনার ব্যবসার জন্য পর্যাপ্ত নয়। এক্ষেত্রে আপনাকে অন্য কোন তথ্য সূত্র পাওয়ার উপায় বের করতে হবে। এক্ষেত্রে আপনি সার্চ ইঞ্জিনে আপনার দরকার মত সার্চ করতে পারেন। অথবা একটু খোজ করে দেখুন আপনার ব্যবসা সম্পর্কে কোন ওয়েব সাইট পান কিনা। আশাকরি আপনার ব্যবসা সম্পর্কে অনেক গুলো ওয়েব সাইট পেয়েও যাবেন। এ গুলোর আলাদা করে লিস্ট করে রাখুন এবং সবগুলো ওয়েব সাইট ভিজিট করুন অনেক তথ্য পাবেন তথ্য গুলো নোট করুন আপনার প্রতিষ্ঠান সম্পর্কে কাজে লাগবে।

তাছাড়া Google Analyties এর মত যে সকল কার্যকারী টুলস আছে সেগুলোর উপর ভিত্তি করে আরও তথ্য বের করে আনার চেষ্টা করুন। এ সকল বিষয় গুলো ছাড়া যে কোন এক্সপার্ট বা আপনার কাছের মানুষ যেমন বন্ধু বান্ধব এর সাথে কথা বলতে পারেন।

এসকল বিষয় এর উপর Analysis করলে আরো অনেক বেশি তথ্য পাবেন। সেটি আপনার ওয়েব সাইট বা প্রতিষ্ঠান এর উন্নতির জন্য কাজে লাগাতে পারেন।

৬.৯ *ব্যবসায়ের জন্য আরো বেশি সমালোচনা পাওয়া।*

এ রকম কথা শুনে অবাক হবেন না তবে মনে এই প্রশ্ন জাগতে পারে যে নিজের ব্যবসার জন্য আবার কেন সামালোচনা করবো। কারন স্বাভাবিক ভাবে কেউই তার ব্যবসা সম্পর্কে হয়তো সমালোচনা ভালো ভাবে নিবেন না কিন্তু একবার গভীর ভাবে চিন্তা করে দেখুন আপনার ব্যবসায়ের জন্য সমালোচনা করাটা আপনার ব্যবসা এর জন্য একটা ভাল দিক কেননা কেন ব্যবসা সম্পর্কে সমালোচনা করাটা ঐ ব্যবসার দুর্বল দিক ফলে আপনার ব্যবসার জন্য সমালোচনা করাটা মানে আপনার ব্যবসার দুর্বল দিক নিয়ে আলোচনা করা এতে আপনার ব্যবসা সম্পর্কে দূর্বল দিক গুলো অতি সহজে ধরতে পারবেন এবং আপনি যত দ্রুত আপনার ব্যবসার দুর্বলতম দিক ধরতে পারবেন ততদ্রুত এ সকল দুর্বল দিক গুলো ঠিক করতে পারবেন।

....

www.boiRboi.info

এটি অবশ্যই আপনার ব্যবসার জন্য অনেক ভাল তাই আপনার ব্যবসা সম্পর্কে কোথায় সমালোচনা করলে মন খারাপ করবেন না বরং সমালোচনাতে অংশ নিন অন্যের কথা মনোযোগ দিয়ে শুনুন হতে পারে সেখান থেকে আপনি আপনার ব্যবসার সমস্যার সমাধান পেয়ে গেলেন আবার এটাও হতে পারে আপনি নতুন কোন আইডিয়া পেয়ে গেলেন আপনার ব্যবসা বা প্রতিষ্ঠান এর উন্নতি প্রকল্পে।

৬.১০ *তিন মাসের* SEO *পরিকল্পনা*

প্রিয় পাঠক, এ পর্যায়ে আমরা "তিন মাস মেয়াদি SEO পরিকল্পনা" নিয়ে আলোচনা করব। কারন আপনি যখন একটি ওয়েব সাইটকে এসইও করবেন তখন আপনার মনে প্রশ্ন জাগতে পারে যে কেন তিন মাস, আরও কম নয় কেন? আসলে SEO একটি চলমান এবং সময় সাপেক্ষ প্রক্রিয়া। আপনি SEO করে রাতারাতি সার্চ রেজাল্ট এর শীর্ষে যেতে পারবেন না। এ কারনেই আড়াই থেকে তিন মাস সময় হাতে নিয়ে কাজ শুরু করতে হয়।

www.bookbd.info


ঘরে বসে টাকা আয়
ইন্টারনেটে আত্মকর্মসংস্থান-১
Genuine Online Job & Outsourcing
মোঃ মিজানুর রহমান
ইন্টারনেটে আয় এবং উপার্জন বর্তমান আন্তর্জাতিক শ্রমবাজারের একটি আলোচিত বিষয়। এখানে দক্ষ ও স্বল্পদক্ষ জনশক্তির জন্য রয়েছে বিশাল কর্মসংস্থানের সুযোগ। এ বিশাল সুযোগকে কাজে লাগিয়ে আমরা আমাদের দেশের বেকারত্বের হার অনেকটাই হ্রাস করতে পারি এবং অবদান রাখতে পারি দেশের অর্থনীতিতে। সে লক্ষ্যেই এই বইটিতে অনলাইনে আয় ও এর বিভিন্ন দিক নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়েছে।
with DVD
Outsourcing Freelancer Work Elance Jobbay Bookbd Microworkers 99design
DOWNLOAD
www.bookbd.info

অধ্যায়-৭ অফ পেইজ অপটিমাইজেশন
(Off Page Optimization)

৭.১ অফ পেইজ অপটিমাইজেশন কি?

অফ পেইজ অপটিমাইজেশন কে আমরা লিংক বিল্ডিং বলতে পারি। অর্থাৎ সার্চ ইঞ্জিনের প্রথমে কোন ওয়েব সাইটকে আনার জন্য ঐ ওয়েব সাইটের সাথে সম্পর্কিত অন্য ওয়েব সাইটের লিংক বা সংযুক্ত করারকে বলা হয় লিংক বিল্ডিং আর লিংক বিল্ডিং করার পূর্ণ প্রক্রিয়া হল অফ পেইজ আপটিমাইজেশন। এক কথায় বলা যায় অফ পেইজ অপটিমাইজেশন হল কোন ওয়েবসাইটের সেই সাইট সম্পর্কিত অন্য ওয়েব সাইটে তার প্রচার করা।

৭.২ অফ পেইজ অপটিমাইজেশন কেন প্রয়োজন?

যে কোন ওয়েব সাইটের জন্য অন পেজ এর পাশাপাশি অফ পেইজ অপটিমাইজেশন খুবই দুরুত্বপূর্ণ। কোন ওয়েব সাইটকে সার্চ ইঞ্জিনের প্রথমে নিয়ে আসার জন্য প্রথমত অফ পেইজ অপটিমাইজেশন এর দরকার হয়। আপনি যদি কোন সাইটের মালিক হল তখন আপনার উদ্দেশ্য থাকে আপনার পণ্য অথবা সেবা এই সাইটের মাধ্যমে অন্যকে ওয়েব সাইটি থাকলে আপনার সাইটের ট্রাফিক বেশি হবে। এতে আপনার পণ্য অথবা সেবা এর প্রচার ও বেশি হবে। তাই এ কথা আমরা বলতেই পারি আপনার সাইটে তৈরি করার যে উদ্দেশ্য যে উদ্দেশ্য পূরণ করার জন্য অফ পেইজ অপটিমাইজেশন খুবই প্রয়োজন।

৭.৩ অফ পেইজ অপটিমাইজেশন এর সুবিধা?

অফ পেইজ অপটিমাইজেশন এর সুবিধা সমূহ অনেক। একটি ওয়েব সাইট যে উদ্দেশ্য তৈরি করা হয় বলা যায় সেই উদ্দেশ্য পূরনের রাস্তা হল অফ পেইজ অপটিমাইজেশন নিচে এর সুবিধা সমূহ লক্ষ্য করুন।

১। অফ পেইজ অপটিমাইজেশন করে যে কোন ওয়েব সাইটের পেইজ র‍্যাংক বাড়ানো যায়।

২। কোন সাইটের ট্রাফিক বাড়ানোর জন্য অফ পেইজ অপটিমাইজেশন অপরিহার্য।

৩। অফ পেইজ বলতে লিংক বিল্ডিং কে বোঝায় তাই একটি সাইটের সাথে অন্য সাইটের লিংক করতে অফ পেইজ অপটিমাইজেশন দরকার হয়।

৪। কোন সাইটের প্রচারের জন্য অফ পেইজ অপটিমাইজেশন অপরিহার্য।

৫। অনলাইনের মাধ্যমে প্রচার করার জন্য অফ পেইজ অপটিমাইজেশন দরকার হয় আর অনলাইনের মাধ্যমে প্রচার করা হলে আর্থিক ব্যায় অনেক কম হয়। অর্থাৎ অফ পেইজ অপটিমাইজেশন এর মাধ্যমে আপনি খুব কম খরচে আপনার পণ্য অথবা সেবা এর খবর খুব সহজেই প্রচার করতে পারেন। ফলে অনলাইনে আপনার পণ্য অথবা সেবা এর প্রচার করে সহজেই অনেক লাভবান হতে পারেন।

৭.৪ অফ পেইজ কিভাবে কাজ করে

অফ পেইজ এস ই ও কাজ করার জন্য দরকার হয় কোন ওয়েব সাইটের নির্দিষ্ট একটি নেটওয়ার্ক যেটা তৈরি হয় অন্য ওয়েব সাইটের সাথে লিংক বা যুক্ত হয়ে থাকে আমরা বলি লিংক বিল্ডিং এর দরকার হয় দু'টি সম্পর্কিত ওয়েব সাইটের মধ্যে সম্পর্ক যেটা কিনা অ্যাকটিভ অবস্থায় আছে অথবা যেটা সরাসরি ওয়েব মাস্টার কর্তৃক অথবা আলাদা ভাবে ওয়েবসাইট কর্তৃক নিয়ন্ত্রিত। এ ধরনের একটি নেটওয়ার্ক বা লিংক বিল্ডিং অফ পেইজ অপটিমাইজেশন খুবই গুরুত্বপূর্ণ।

www.bookhd.info

চিত্রঃ ৭.৪.১ হাউ ওয়ার্ক অফ পেইজ।

৭.৫ অফ পেইজ অপটিমাইজেশন এর জন্য প্রয়োজনীয় বিষয়

অফ পেইজ আপটিমাইজেশনের জন্য প্রয়োজনীয় বিষয়াদিঃ

১। লিংক বিল্ডিং করার পদ্ধতি সমূহ জানা

২। ওয়েব ব্রাউজিং জানা

৩। একটি কম্পিউটার

৪। এম এস ওয়ার্ড সম্পর্কে ভাল ধারনা।

৫। ইন্টারনেট লাইন।

উপরোক্ত বিষয় গুলো ছাড়া আরও কয়েকটি বিষয় সম্মন্ধে জানা প্রয়োজন। যেমনঃ

৭.৬ গুগল পান্ডার বর্ণনা Google Panda

লিংক বিল্ডিং করার জন্য Google Panda এর সম্পর্কে জানা খুবই দরকার। গুগল হল সারা বিশ্বে ব্যবহৃত সবচেয়ে জনপ্রিয় সার্চ ইঞ্জিন। তাই যে কোন ওয়েব সাইট যদি এই সার্চ ইঞ্জিনের প্রথমে আসে তাহলে সেই সাইটের ট্রাফিক বেশি হওয়ার সম্ভাবনা বেশি থাকে। তাই গুগল সম্পর্কে জানা দরকার। Google Panda হল এক ধরনের এলগরিদম। এটি Google Penguine এর আপডেট। Google Panda এর বিশেষত্ব হল Google Panda যা কিছু সার্পোট করে সেটা তার সবকিছু যেন রিলেটিভ হয়। অর্থাৎ একটি সাইটের যে সকল কীওয়ার্ড বা কন্টেন্ট এ যা কিছু আছে সেই সাইটের সেবা বা পণ্য ও যেন সেটাই হয়। উদাহরন স্বরূপ বলা যেতে পারে আপনি যদি সার্চ ইঞ্জিনের সার্চ বক্সে Free download Kaspersky antivirus লিখে সার্চ দেন তাহলে এসম্পর্কিত অনেকগুলো ওয়েব সাইট আসবে। কিন্তু কিছু কিছু সাইট Free download Kaspersky antivirus লিখে থাকা সত্ত্বেও সেখানে ক্লিক্ করা সত্ত্বেও এখানে রেজিট্রেশন করাতে হবে যা কিনা ডলার অথবা টাকা দিয়ে করতে হবে। অতএব লক্ষ্য করুন Free download লেখা থাকলেও এখানে আপনাকে করতে হচ্ছে যা কীওয়ার্ড বা কন্টেন্ট এর সাথে সম্পর্কিত নয়। Google Panda এ সকল বিষয়

www.bookbd.info

সাপোট করে না। আর অফ পেইজ বা লিংক বিল্ডিং এর সাথে Google Panda এর সম্পর্ক হল আপনি যখন একটি সাইটের সাথে অন্য সাইটের লিংক করবেন তখন দু'টি সাইট যেন একই Category বা একই বিষয়বস্তু সম্পর্কিত হয়।

৭.৭ *ইউনিক কন্টেন্ট* Unique Content

আপনার সাইটের যে সকল কন্টেন্ট বা কীওয়ার্ড থাকবে সেগুলো যেন কপি না করা হয় অন্য কোন সাইট থেকে কপি করা যে কোন বিষয় Google Panda পছন্দ করে না।

৭.৮ *পেইজ র‍্যাংক* Page Rank

Page Rank কে সংক্ষেপে PR বলা হয়। পেইজ র‍্যাংক হল কোন ওয়েব সাইটের মূল্য যেটা ০ থেকে শুরু হয় এবং ১০ গিয়ে শেষ হয়। ১০ পেইজ র‍্যাংক সবচেয়ে বেশি এরপর নিম্নক্রমে ০ তে গিয়ে সবচেয়ে কম। পেইজ র‍্যাংক সার্চ ইঞ্জিন গুগল দিয়ে থাকে। যে সাইটের পেইজ র‍্যাংক যতবেশি হয় সেই সাইটের মূল্য তত বেশি হয়। পেইজ র‍্যাংক মূলত লিংক এবং ট্রাফিক এর উপর ভিত্তি করে হয়ে থাকে।

অফ পেইজ বা লিংক বিল্ডিং এর সাথে পেইজ র‍্যাংক এর সম্পর্ক হল যখন আপনি আপনার সাইটের লিংক অন্য আর একটি সাইটের সাথে যুক্ত করবেন তখন যে সাইটের সাথে আপনি লিংক করছেন সেই সাইটের পেইজ র‍্যাংক যদি বেশি হয় তবে ঐ সাইটের সাথে আপনার সাইটের লিংক এর গ্রহনযোগ্যতা সার্চ ইঞ্জিনের কাছে অনেক বেশি হয়। তাই লিংক বিল্ডিং এর জন্য ে পেইজ র‍্যাংক অনেক গুরুত্বপূর্ণ।

৭.৯ *ডু-ফলো এবং নো ফলো লিংক* Do Follow *এবং* No Follow Link

পেইজ র‍্যাংক করার জন্য ডু-ফলো এবং নো ফলো লিংক খুবই গুরুত্বপূর্ণ একটি বিষয়।

ডু-ফলো লিংক **(Do Follow Link)** ঃ হল সে সকল ওয়েব সাইট এর Administrator হতে অন্য সাইটের লিংক করার জন্য সরাসরি অনুমতি দেওয়া হয়।

নো ফলো লিংক **(No Follow Link)**

হল যে সকল ওয়েব সাইট এর Administrator হতে অন্য সাইটের লিংক করার জন্য অনুমতি দেওয়া হয় না বা সরাসরি অনুমতি দেওয়া হয় না। নো ফলো লিংক এ সাথে লিংক করলে আপনার সাইটের সাথে ঐ সাইটের লিংক হয়ে যাবে কিন্তু সার্চ ইঞ্জিন সেটা গ্রহন করবে না। আর ঐ সাইটের Admin হতে যদি অনুমতি দেয়া হয় তবে এতে অনেক সময়ের প্রয়োজন হয়। এসকল কারনে লিংক বিল্ডিং করার সময় নো ফলো লিংক এর সাইট গুলো আমরা পরিহার করব।

এখন বিষয় হল আমরা কিভাবে বুঝবে যে কোন সাইটটি নো ফলো লিংক এটি বোঝার জন্য আপনার দরকার হবে Mozilla Firefox ব্রাউজার এবং Mozilla Firefox এর Addons।

প্রথমে আপনি Mozilla Firefox এর ব্রাউজার হতে সার্চ ইঞ্জিন গুগল এ যান। এরপর সার্চ বক্সে Addons লিখে সার্চ দিন। এতে Add-ons for Firefox heading যা কিনা http://addons.mozilla.org/ url সম্পর্কিত একটি সাইট আসবে এবার এই সাইটে ক্লিক্ করুন।

www.bookbd.info



চিত্রঃ ৭.৯.১

লক্ষ্য করুন উপরের সাইটে ক্লিক্ করার পর নিম্নোক্ত একটি Page আসবে যার ডান পাশে উপরে একটি সার্চ বক্স আছে।



চিত্রঃ ৭.৯.২ অ্যাড-অন্স

এই সার্চ বক্সে Search Status লিখে সার্চ দিন এবার নিম্নোক্ত Page। আসবে। যা চিত্রে মার্ক করা আছে এবার মার্ক করা জায়গার ডান পাশে ক্লিক্ করুন। +Add to Firefox লেখা জায়গায় ক্লিক্ করুন।

....



চিত্রঃ ৭.৯.৩

এবার নতুন একটি পেইজ আসবে যেখানে Install Now নামে একটি বাটন আছে এখানে ক্লিক্ করুন।



চিত্রঃ ৭.৯.৪ ইনস্টল নাউ

তাহলে এই Search Status নামে Addons টি আপনার ব্রাউজার এর সাথে Install হয়ে যাবে। এখন এই Addons পাওয়ার জন্য ব্রাউজার এর টুল বক্সের Option এ যান এখান থেকে দেখুন Add on Bar রয়েছে এখানে ক্লিক্ করে দিন দেখুন Add on Bar এর পাশে টিক (✓) চিহ্ন এসেছে কিনা যদি এসে থাকে তবে আপনার ব্রাউজার এর নিচে ডান পাশে দেখুন Search Status এর Logo এসেছে এটি নীল কালার এর এবং অনেকটা @ রকম দেখতে।

....



চিত্রঃ ৭.৯.৫ গুগল

এখানে আপনার মাউসের রাইট বাটন ক্লিক্ করুন। তাহলে দেখবেন অনেক গুলো Option আসবে যেখানে Highlight Nofollow Link নামে একটি Option আছে এখানে ক্লিক্ করলে এই লেখার বাম পাশে টিক (✓) চিহ্ন আসবে।



চিত্রঃ ৭.৯.৬

....

এখন আপনি যে কোন সাইটে visit করলে ঐ সাইটে যদি কোন Nofollow Link থাকে তাহলে ঐ Link টি আপনাকে অন্য Color দিয়ে দেখাবে এটি সাধারণত Pink Color হয়ে থাকে। এভাবে আপনি Nofollow Link দেখতে পারবেন।

৭.১০ Relevance *এবং* Reputation *কি?*

এখন আমরা দেখবো কিভাবে লিংক বিল্ডিং ওয়েবসাইটের র‍্যাংক বাড়াতে সাহায্য করে। প্রধানত দু'টি বিষয় একটি ওয়েব সাইটের র‍্যাংক বাড়াতে সাহায্য করে। এটি হল Relevance এবং Reputation।
Relevane হল একটি কী-ওয়ার্ড কে সার্চ ইঞ্জিন কিভাবে দেখছে। সার্চ ইঞ্জিন কী-ওয়ার্ডটিকে ঠিক মত Index করতে পেরেছে কিনা এবং কী-ওয়ার্ড টি ঐ সাইটের সাথে কতটুকু সম্পর্কিত সেটা পরিমাপ করে।

অন্যদিকে Reputation বিষয়টি একটি সাইটে কত গুলো লিংক হল সেটি খেয়াল করা এবং ঐ সকল লিংক গুলোর গুনগত মান বা (quality) কি রকম অর্থাৎ এ সকল লিংক গুলো সার্চ ইঞ্জিন এর শর্ত কতটুকু পূরণ করতে পরেছে। এ সকল বিষয় গুলো নিশ্চয়তা প্রদান করে আমরা Reputation কে লিংক প্রোপারটি বলতে পারি। Reputation বিষয়টি একটি ওয়েব সাইট এর লিংক অন্য সাইটে হবে কিনা বা লিংক যদি হয়ে থাকে তবে কতটি হবে এসকল বিষয় গুলো খেয়াল রাখা। আগেই বলা হয়েছে যে লিংক সাধারনত বেশি পেইজ র‍্যাংকে করা ভাল ধরুন আপনার একটি ওয়েব সাইট আছে। যার পেইজ র‍্যাংক কিন্তু এটা নিয়ে আপনার চিন্তার কিছু নাই। আপনি যখন একটি ভাল পেইজ র‍্যাংকের নেটওর্য়াকে লিংক বিল্ডিং এর মাধ্যমে যুক্ত হবেন তখন সার্চ ইঞ্জিনের কাছে আপনাকে সাইট এর মূল্য অনেক বেশি হয়ে যাবে। উপরোক্ত বিষয় গুলো অফ পেইজ অপটিমাইজেশন এর জন্য খুবই প্রয়োজনীয়।

৭.১১ অফ পেইজ অপটিমাইজেশন এর কিছু টিপস্

অফ পেইজ অপটিমাইজেশন এর ক্ষেত্রে কিছু গুরুত্বপূর্ণ কথা সবসময় খেয়াল করবেন। যে সকল সাইটের সাথে আপনি আপনার সাইটের লিংক করছেন ঐ সকল ওয়েব সাইটের কিছু নিয়ম কানুন থাকে। কাজ করার সময় এ সকল নিয়ম কানুন পড়ে সে অনুযায়ী কাজ করবেন। একটা কাজ করার সময় তাড়াহুড়ো করবেন না। আস্তে আস্তে এবং বুঝে শুনে কাজ করবেন। আপনি লিংক বিল্ডিং করার সময় কাজের ফলাফল বা সকল ডাটা হেডিং সহ একটি মাইক্রোসফ্‌ট এক্সেল সিটে সেভ করে রাখুন। এগুলো পড়ে আবার কাজ করার সময় আপনাকে সাহায্য করবে। লিংক বিল্ডিং করার সময় অন্যান্য সাইটের পেইজ র‍্যাংক এবং সেগুলো No follow Link সবসময় এড়িয়ে চলবেন। কারন এতে শুধুমাত্র আপনার সময় নষ্ট হবে।

৭.১২ লিংক বিল্ডিং এর প্রকার ভেদ

উপরে উল্লেখিত বিষয়াদি পড়ে আশা করি অফ পেইজ সম্পর্কে আপনাদের ভাল ধারনা হয়েছে। লিংক বিল্ডিং অনেক ভাবে করা যেতে পারে। যেমনঃ

1.Directory Submission 2. Article Submission 3. Forum Posting 4. Bookmarking 5. Social media marketing 6. Blog comments posting 7. Link wheel 8. video marketing 9. Press 10. RSS Feed. ইত্যাদি।

এখন আমরা এগুলো নিয়ে বিস্তারিত আলোচনা করব।

www.boookbd.info

....

নিজে নিজে ডাইনামিক ওয়েবসাইট তৈরি

বিগীনিং জুমলা

From Novice to Professional

জুমলা হচ্ছে পৃথিবীর সবচেয়ে বিখ্যাত একটি কনটেন্ট ম্যানেজমেন্ট সিসটেম। যা দিয়ে আপনি যে কোন ধরনের ওয়েব সাইট তৈরি করতে পারবেন। আর এর জন্য আপনার কোন আইটি নলেজের প্রয়োজন নেই।

ইন্টারনেট থেকে টাকা উপার্জনের কৌশল।
www.freeonlinemoneyearning.com

মোঃ মিজানুর রহমান

WWW.

....

অধ্যায়-৮ ডিরেক্টরি সাবমিশন

(Directory Submission)

প্রথমে আমরা দেখব কিভাবে ডাইরেক্টরি Submission করতে হয়। Directory Submission করার পূর্বে আমরা চলুন Directory Submission এর আনুসাঙ্গিক কিছু বিষয় জেনে নিই।

৮.১ ডিরেক্টরি সাবমিশন কি?

ডিরেক্টরি সাবমিশন হল আপনার ওয়েব সাইটটিকে একটি ওয়েব ডিরেক্টরিতে যুক্ত করার উপায়। বিস্তারিত ভাবে বলতে গেলে ডিরেক্টরি সাবমিশন হল একটি ওয়েব সাইটের url, keyword সহ অন্যান্য সকল বিষয় একটি ওয়েব ডিরেক্টরিতে যুক্ত করা ওয়েব ডিরেক্টরি বলতে বোঝায় এমন কিছু ওয়েব সাইট যে সকল সাইটের ভিতরে Category বা বিষয়বস্তু ভিত্তি করে অন্যান্য সকল ওয়েব সাইট গুলোকে সাজিয়ে রাখা হয়। এ কসল ওয়েব ডিরেক্টরি থেকে প্রাফিকগন তাদের কাঙ্খিত সাইট বা সার্ভিস অথবা যে কোন প্রোডাক্ট সহজেই খুজে পেতে পারে।

৮.২ ডিরেক্টরি সাবমিশন এর প্রয়োজনীয়তা।

অনলাইনে আপনার কোম্পানীর সার্ভিস অথবা প্রোডাক্ট এর প্রচার করার জন্য ডিরেক্টরি সাবমিশন হল প্রধান ধাপ। অথবা বলা যায় কোন সার্ভিস বা প্রোডাক্ট এর প্রচার করার উদ্দেশ্যে কোন সাইট এর সাথে অন্য সাইটের লিংক করার প্রথম ধাপ হল ডিরেক্টরি সাবমিশন। প্রথমত সার্চ ইঞ্জিন ডাইরেক্টরি সাবমিশনের মাধ্যমে করা লিংক গুলো খুব ভাল ভাবে Support করে। ডাইরেক্টরি হল এমন এক ধরনের প্রচার যেমন রাস্তার পাশে রাখা সাইনবোর্ড গুলো। তাই আপনি যত আপনার সাইট এর ডিরেক্টরি সাবমিশন করতে পারবেন। ট্রাফিক সহজেই আপনার সাইট দেখতে পাবে। লিংক গুলো যত বেশি হবে আপনার সাইটের সার্ভার বা নেটওর্য়াকে চলাচলের ক্ষমতা আরও অনেক বেশি হবে। তাই ডিরেক্টরি সাবমিশন এর মাধ্যমে বেশি লিংক তৈরি করতে হবে এবং সার্ভার বা নেটওর্য়াকে সাইটের চলাচলের ক্ষমতা বাড়াতে হবে। এক কথায় বলা যায় ডিরেক্টরি সাবমিশন একটি সাইটের ভিজিটর বাড়ায়।

৮.৩ ডিরেক্টরি সাবমিশন এর সুবিধা।

ডিরেক্টরি সাবমিশন এর অনেক সুবিধা আছে। যেমনঃ ডিরেক্টরি সাবমিশন মূলত একটি অনলাইন প্রচার মাধ্যম যার মাধ্যমে আপনার সেবা বা পণ্য খুব সহজেই ট্রাফিক এর কাছে পৌছাতে পারে। ডিরেক্টরি সাবমিশন আসলে online sign Boards এসকল sign Boards থেকে অনলাইন এ থাকা ট্রাফিকগন খুব সহজেই যে কোন খবর নিতে পারেন।

১। আপনি আপনার ইচ্ছা মত এই কাজটি করতে পারবেন। আপনি ইচ্ছা করলে নিজে ঘরে বসে এই কাজ করতে পারেন। আবার ইচ্ছা করলে অন্য কাউকে দিয়ে কাজ করাতে পারেন। আবার টাকা খরচ করেও ডিরেক্টরি সাবমিশন করা যায়। পরে এটা আমরা বিস্তারিত দেখব।

২। ডিরেক্টরি সাবমিশন খুব সহজ একটি লিংক বিল্ডিং এর মাধ্যম।

৩। যেহেতু সার্চ ইঞ্জিন ডিরেক্টরি সাবমিশন করে সহজেই ভাল রেজাল্ট পাওয়া যায়। কারন ডিরেক্টরি সাবমিশন মাধ্যমে যে ডাটা তৈরি হয় সার্চ ইঞ্জিন সেটাকে খুব ভালভাবে index করতে পারে।

এবার চলুন দেখি কিভাবে **Directory Submission** *করতে হয়।*

ডিরেক্টরি সাবমিশন করার জন্য আমরা www.iabolish.com এই ওয়েব ডিরেক্টরি সাইটিকে বেছে নিতে পারি। আপনারা সার্চ ইঞ্জিনে Free Directory Submission site list লিখে সার্চ দিলে অনেক ডিরেক্টরি সাবমিশন এর লিষ্ট পেতে

www.bookbd.info

পারেন। www.iabolish.com এই ঢোকার পর আমরা দেখতে পাব Submit Link এই লিংকটি। নিচের চিত্রটি লক্ষ্য করুন।



চিত্রঃ ৮.৩.১

তবে Submit Link এই লিংকটি ছাড়া অন্য শব্দ যেমন submit link, Add a link, add a url, submit url এ সকল জাতীয় কথা লেখা থাকতে পারে। এখানে ক্লিক্ করলে প্রথমে আমরা দেখতে পার এই ওয়েব ডিরেক্টরির নিয়ম কানুন। এরপর আমরা দেখতে পার কোন উপায়ে আমরা আসলে ডিরেক্টরি সাবমিশন করব।

৮.৪ ডিরেক্টরি সাবমিশন এর প্রকারভেদ

ডিরেক্টরি সাবমিশন তিনটি উপায়ে করা যায়। যথাঃ

১। Regular Link

২। Regular Links with reciprocal

৩। Feature Links or paid link

পর্যায় ক্রমে আমরা সবগুলি নিয়ে আলোচনা করব। এখন এই তিনটির প্রথমে আমরা Regular Link নিয়ে আলোচনা করে দেখব কিভাবে Regular Link এর মাধ্যমে ডিরেক্টরি সাবমিশন করতে হয়।

৮.৫ রেগুলার লিংক **Regular Link**

Regular Link এর মাধ্যমে ডিরেক্টরি সাবমিশন করতে হলে প্রথমে আপনাকে নিম্নের চিত্রে উল্লেখিত তিনটি Option এর মধ্যে Regular Link এ ক্লিক্ করতে হবে।

....

www.boom.info



চিত্রঃ ৮.৫.১

এর পর আপনি একটি Application Form দেখতে পাবেন এবং এই Application Form পূরনের মাধ্যমে ডিরেক্টরি সাবমিশন করতে পারবেন। Application Form টি বোঝার জন্য নিচের চিত্রটি দেখুন।



চিত্রঃ ৮.৫.২

লক্ষ্য করুন Application form টিতে Title, url, Description, Meta, Keyword, Meta Description, Your Name, Your email, Reciprocal Link url, এবং Code এর ঘর দেখতে পাচ্ছি। এখন এ সকল Application

www.pathagar.org

Form টি পূরন করার জন্য এ সকল জিনিস যে ওয়েব সাইট নিয়ে আমরা কাজ করছি সেই ওয়েব সাইটে যে কোন জায়গায় (image Ges content ছাড়া) আপনার মাউসের রাইট বাটন ক্লিক্ করলে দেখতে পারবেন View Page Source এখানে ক্লিক্ করলে Application form এর দরকারী তথ্য পেতে পারেন।



চিত্রঃ ৮.৫.৩

তবে এখান থেকে যদি প্রয়োজনীয় তথ্য না পেয়ে থাকেন তবে ওয়েব সাইটের যিনি মালিক তার সাথে যোগাযোগ করলে আপনি এই সকল তথ্য পাবেন।

এখন নিচের চিত্রটি লক্ষ্য করুন এখানে Application form টি পূরন করা হয়েছে।



চিত্রঃ ৮.৫.৪

www.bookbd.info

Application form টি পূরন করার পর নিচে লেখা Submit Button অথবা continue এ ক্লিক্ করতে হবে। তাহলে আমরা দেখতে পার যে আমাদের লিংকটি Approve হয়ে গেছে।

৮.৬ রেগুলার লিংকস্ উইথ রিপ্রোচাল।

এখন আমরা দেখব কিভাবে Regular links with reciprocal এই উপায়ে লিংক সাবমিট করতে হয়। এই উপায়ে লিংক Submit করার জন্য প্রথমে Regular links with reciprocal এখানে সিলেক্ট করতে হবে।



চিত্রঃ ৮.৬.১

এরপর আপনি একটি Application form দেখতে পাবেন এটি দেখতে আগের Application form এর মত অর্থাৎ Regular links এর মত।



চিত্রঃ ৮.৬.২

www.iabolish.info

চিত্রটি লক্ষ্য করুন এখানে শুধুমাত্র আপনাকে আগের মতই কাজ করতে হবে। অর্থাৎ এখানে Application form এ আপনাকে Title, url, Meta Keyword, Meta Description, Category, Reciprocal link url coad এ সকল তথ্য দিয়ে Application form টি পূরন করতে হবে। উল্লেখ্য যে Regular link url বক্সটি আপনি শুধুমাত্র Regular link এই Category তে দেখতে পাবেন কিন্তু এখানে Regular link url বক্সটি পূরন করার প্রয়োজন নাই।
কিন্তু আপনি যখন দ্বিতীয় উপায়ে অর্থাৎ Regular links with reciprocal এই উপায়ে ডিরেক্টরি সাবমিশন করবেন তখন আপনাকে অবশ্যই এই ঘরটি পূরন করতে হবে। Regular links এবং Regular links with reciprocal এই দু'টি উপায়ের মধ্যে পার্থক্য হল Regular links with reciprocal এর বক্সে একটি লিংক দেওয়া থাকে। এই লিংকটি নিয়ে আপনাকে Regular links এর চেয়ে অতিরিক্ত কাজটি করতে হবে। নিচের চিত্রটি লক্ষ্য করুন এখানে আপনি উক্ত লিংকটি দেখতে পাবেন।



চিত্রঃ ৮.৬.৩

Reciprocal link এ একটি শর্ত থাকে যেটা অবশ্যই আপনাকে পূরন করতে হবে। শর্তটি হল আপনি যে ওয়েব সাইট নিয়ে কাজ করছেন সেই ওয়েব সাইটে Reciprocal link url এ যে লিংকটি দেওয়া আছে অর্থাৎ উপরের চিত্রে মার্ক করা যে লিংকটি দেওয়া আছে সেই লিংকটি আপনার সাইটে রাখতে হবে। এরপর আপনি আপনার লিংকটি এই সাইটে রাখতে পারবেন। এই কাজটি করার জন্য File zilla নামক একটি সফ্টওয়্যার এর প্রয়োজন হয়। এই সফট্ওয়্যার এর মাধ্যমে আপনি আপনার ওয়েব সাইটের ভিতরে ঢুকতে পারবেন। লক্ষ্য করুন File Zilla সফট্ওয়্যারটি দেখতে নিম্নরূপ। চিত্রটি লক্ষ্য করুন। এখানে Host নামে একটি খালি ঘর আছে এরপর User Name এবং Password আছে। উল্লেখ্য Host নামটি আপনার সাইটের url শুধুমাত্র http এর স্থানে ftp লিখতে হবে। ওয়েব সাইটের ভিতরে ঢুকার জন্য আপনার উক্ত তিনটি তথ্য প্রয়োজন হবে। এটি ওয়েব সাইটের মালিকের কাছ থেকে নিয়ে নিতে পারবেন।

www.iabolish.info

....



চিত্রঃ ৮.৬.৪

উক্ত তিনটি তথ্য দিয়ে Quick connect name যে বাটন টি আছে সেটি ক্লিক্ করলে আপনি আপনার ওয়েব সাইটের সার্ভার এর ভিতরে প্রবেশ করতে পারবেন।



চিত্রঃ ৮.৬.৫

এখন নিচের চিত্রটি খেয়াল করুন এখানে দু'টি আলাদা অংশ বাম পাশে লেখা রয়েছে Local site এবং ডান পাশে লেখা রয়েছে Remote site। Local site এই কথাটির অর্থ হল বাম পার্শের অংশটি আপনার কম্পিউটার এর হার্ডডিক্স অংশ। আপনার হার্ডডিক্স এর তথ্য এখানে আপনি দেখতে পারবেন এবং ডান পাশের অর্থাৎ Remote site কথা লেখা অংশটি আপনার ওয়েব সাইটের সার্ভারের অংশ এখানে ওয়েব সাইটের ভিতরের অংশ গুলো দেখা যাবে।

....



চিত্রঃ ৮.৬.৬

এখন যে ব্লগ এ কমেন্টস্ করব সেই ব্লগ এর Address হল www.footballfanbd.blogspot.com এক্ষেত্রে মনে করুন আপনার সাইট এর Address হল www.fifa.com লক্ষ্য করুন ব্লগ এবং আপনার সাইট এর Category কিন্তু একই। অতএব আপনি এখানে যদি ব্লগ কমেন্টস্ এর মাধ্যমে ব্যাক লিংক করেন তাহলে সেটি সার্চ ইঞ্জিনের কাছে গ্রহনযোগ্যতা বেশি পাবে। এখন Comment Post করার জন্য Comment বাটনে ক্লিক্ করুন। এখানে উল্লেখ্য যে নিচের চিত্রে No Comment লেখা রয়েছে তার কারণ হল এই Article লেখা রয়েছে। এই বাটনে ক্লিক্ করলে Comment Post করার জন্য একটি Box আসবে এখানে আপনার Comment টি Post করতে হবে।



চিত্রঃ ১১.৩.৫

এখানে উক্ত আর্টিকেল সম্পর্কে কিছু কথা লিখুন। এবার এই Comment করার মধ্যে HTML কোড এর মাধ্যমে আপনার সাইট এর লিংকটি Post করে দিন।

এবার রেফারেন্স এর জন্য Comment as থেকে Google Account সিলেক্ট করে আপনার জি-মেইল Account Login করুন এর Publish বাটনে ক্লিক্ করুন তাহলে আপনার Comment টি আপনার সাইট এর লিংক সহ Publish হয়ে যাবে।

আশাকরি এখন আপনি বুঝতে পেরেছেন কিভাবে ব্লগ কমেন্টস্ এর মাধ্যমে লিংক বিল্ডিং করতে হয়।

১১.৪ ব্লগ কমেন্টস্ এর কিছু টিপস্

এখন ব্লগ কমেন্টস এর জন্য কিছু টিপস দেওয়া হল।

১। ব্লগ কমেন্টস করার সময় আপনি যে Comments করবেন সেটিং বুঝে করুন।

২। কমেন্টস্ করার সময় এমন ভাবে কমেন্টস্ করুন যেন আর্টিকেল এর সাথে কমেন্টস্ এর বিষয়ের মিল থাকে।

৩। কমেন্টস্ করার সময় যত দুর আর্টিকেল বা ঐ ব্লগ সম্পর্কে ভাল কিছু লিখুন। যেন Blog এর Admin থেকে আপনার কমেন্ট টি Remove না করে দেয়।

৪। রেফারেন্স দেওয়ার সময় Google Account ছাড়াও Wordpress, Livejournal, typepad, AIM, OpenID থেকে উক্ত বিষয় আপনার যদি কোন Account থাকে তবে আপনি এ সকল বিষয়ের Account দিয়ে রেফারেন্স দিতে পারেন। আর এসকল বিষয় ছাড়া যদি অন্য কোন বিষয় বা ওয়েব সাইট এ Account থাকে যেমনঃ facebook এর

www.boi-info

Account অথবা Linkedin এর Account এসকল Website এর Account OpenID সিলেক্ট করে রেফারেন্স দিয়ে দিতে পারেন।

৫। আপনার ওয়েব সাইট সম্পর্কিত অন্যান্য ব্লগ সার্চ ইঞ্জিন এ সার্চ করলে পেয়ে যাবেন।
উপরোক্ত বিষয় গুরো খেয়াল করে ব্লগ কমেন্টস্ করুন আশাকরি খুব ভাল ফলাফল পাবেন।

১১.৫ ব্লগ কমেন্টিং (Blog comments) কি?

Blog হল ওয়েব লগ ভিত্তিক একটি ট্রাফিক যা আপনার অনলাইন ভিত্তিক একটি জার্নাল। এখানে আপনি যে কোন বিষয় প্রকাশ করতে পারেন। ব্লগ শুধুমাত্র আপনার ব্যক্তিগত বিষয় হতে পারে অথবা এটি দলগত ও হতে পারে। এসকল ব্লগ এর মাধ্যমে লিংক বিল্ডিং করাকে ব্লগ কমেন্টস্ বলে।



(চিত্রঃ ২.৬.৪.১ ব্লগ কমেন্টিং Process)

এসকল বিষয় ছাড়া আরও দুই প্রকার এসইও আছে। সে গুলো হলো

১. পেইড এসইও
২. অর্গানিক এসইও

১১.৫.১ সামঞ্জস্যপূর্ণ ব্লগ বাছাই

ঢালাও ভাবে সব ব্লগে কমেন্ট করা শুরু করবেন না। প্রথমেই খুজে বের করুন আপনার ওয়েবসাইটের কন্টেন্ট বা বিষয়বস্তুর সাথে মিল আছে এমন সব ব্লগ। কারন এ ব্যাপারটি আপনার সাইটের PR বৃদ্ধিতে সহায়তা করবে। এ দরনের ব্লগ খোজার ক্ষেত্রে আপনি Google.com এর সাহায্য নিন। যেমন ধরুন, আপনার সাইটটি যদি হয় 'ইলেক্ট্রনিক্স প্রোডাক্টস' এর সাইট তাহলে Google.com এর সার্চ বক্সে লিখুন ইলেকট্রনিক্স প্রোডাক্টস ব্লগ। সার্চ রেজাল্টে আপনি পেয়ে যাবেন আপনার কাঙ্খিত সাইটগুলো। পরবর্তীতে ব্যবহারের জন্য সাইটের URL গুলো সংরক্ষন ও করে রাখতে পারেন।

....

www.bdnet.info

১১.৫.২ হাই পেইজর‍্যাংক ব্লগ বাছাই

ব্লগ কমেটিং এর ক্ষেত্রে সবসময় চেষ্টা করুন হাই পেইজর‍্যাংক সম্বলিত সাইট বাছাই করার। একটি সাইটের পেইজর‍্যাংক ০-১০ পর্যন্ত হয়ে থাকে। আপনি যত উচ্চ পেইজর‍্যাংক সম্বলিত সাইট থেকে ব্যাকলিংক পাবেন, আপনার সাইটের লিংকটিকে গুগল তত বেশি মূল্যায়ন করবে। ব্লগ কমেটিং এর ক্ষেত্রে তাই চেষ্টা করবেন উচ্চ পেইজর‍্যাংক সম্বলিত সাইটে কমেন্ট করার।

১১.৫.৩ ডু-ফলো ব্লগ বাছাই

এ ব্যাপারে বিস্তারিত বলার আগে চলুন জেনে নেই 'ডু-ফলো' ব্লগ কি। কোন ওয়েবসাইটে একটি URL/লিংক যুক্ত করতে হলে এইভাবে HTML কোড লিখতে হয়ঃ Title এ কোডটি একটি 'ডু-ফলো' লিংক তৈরি করবে। কিন্তু যদি কোডটির মধ্যে Rel অ্যাট্রিবিউট এর ভেতর Nofollow লেখা থাকে হবে তা হয়ে যাবে নো-ফলো লিংক এবং ব্লগটি নো-ফলো ব্লগ। নো-ফলো কোডঃ Title আপনি যদি শুধু নো-ফলো ব্লগে কমেন্ট করেন তবে আপনার সব পরিশ্রম বৃথা যাবে। কারন গুগল আপনার কমেন্টে থাকা লিংকটিকে তখন ভিজিট করবে না এবং ঐ ব্লগটির PR আপনার সাইটে কোন প্রভাব ফেলবে না। অর্থাৎ দেখা যাচ্ছে আপনি 'সামাঞ্জস্যপূর্ণ সাইট' ও হাই PR সাইট বাছাই করলেও শুধুমাত্র 'ডু-ফলো ব্লগ না বাছাই করার কারনে আপনার সব পরিশ্রম বৃথা যাবে। তাই এই বেপারটিতে নজর রাখা খুবই জরুরি। তবে চিন্তার কোন কারন নেই, এই বইটিতে আপনার জন্য ডু-ফলো ব্লগের একটি তালিকা দেয়া আছে।

১১.৫.৪ ন্যাচারল লিংক প্রোফাইল

৩নং পয়েন্টে যদিও শুধু 'ডু-ফলো ব্লগ এ কমেটিং এর জন্য বলা আছে, আমরা এই পয়েন্টে একটু ভিন্ন কথা বলব। গুগল আপনার সাইটটি 'ডু-ফলো' ব্লগে লিংকড নাকি 'নো-ফলো' ব্লগে লিংকড তার ওপর ভিত্তি করে একটি প্রোফাইল তৈরি করে। যদি আপনার সাইটের ব্যাকলিংক 'নো-ফলো' এবং 'ডু-ফলো' দু ধরনের ব্লগেই থাকে তবে আপনার লিংকের প্রোফাইলটি হবে 'ন্যাচারাল'। গুগল এটি ভাল চোখে দেখে। অপর পক্ষে ঢালাও ভাবে শুধু ডু-ফলো ব্লগে ব্যাকলিংক তৈরি করে গেলে আনন্যাচারাল লিংক প্রোফাইলের কারনে গুগল আপনার সাইটকে সার্চ রেজাল্ট থেকে বাদ দিয়ে দিতে পারে অথবা আপনার লিংকটির অবস্থান নিচে নামিয়ে দিতে পারে। সুতরাং ডু-ফলো লিংকটির অবস্থান নিচে নামিয়ে দিতে পারে। সুতরাং 'ডু-ফলো' আর 'নো-ফলো' লিংকের একটা ভারসাম্য বজায় রাখুন।

১১.৫.৫ প্রয়োজনীয় হাই PR ডু-ফলো ব্লগের তালিকা

www.bookbd.info

....

অধ্যায়-১২ লিংক হুইল (Link Wheel)

১২.১ লিংক হুইল এর কিছু কথা

লিংক হুইল একটি বহুল ব্যবহৃত ইন্টারনেট বিপনন কৌশল। লিংক হুইল এর মৌলিক ধারনা বলতে বোঝায় লিংক হুইল হল এমন একটি উপায় যেখানে লিংক তৈরির মাধ্যমে আপনি ঐ লিংক গুলোকে একটি ওয়েব সাইট থেকে অন্য আর একটি ওয়েব সাইটে প্রবাহিত করতে পারেন এবং এটি সর্বশেষে আপনার কাঙ্খিত ওয়েব সাইট এর উপর প্রভাব বিস্তার করবে।

আবার এভাবেও বলা যায় যে লিংক হুইল এমন একটি বিশেষ পদ্ধতি যার সাহায্যে নির্দিষ্ট কিছু কী-ওয়ার্ড দিয়ে আপনি আপনার ওয়েব সাইট বা ব্লগকে সাজাতে পারেন ওয়েব ২.০ এর কিছু বৈশিষ্ট্য দিয়ে লিংক হুইল তৈরি করা হয়।

চিত্রঃ ১২.১.১

১২.২ লিংক হুইল এর প্রয়োজনীয়তা

আপনার সাইট এর র‍্যাংক বাড়াতে এছাড়া ভিজিটর বাড়ানোর জন্য লিংক হুইল খুবই কার্যকরী একটা পদক্ষেপ। লিংক হুইল সার্চ ইঞ্জিন অপটিমাইজেশন এর গুরুত্বপূর্ণ একটি দিক। সোস্যাল মিডিয়া সাইট গুলো যখন লিংক তৈরি করে তখন এটি স্যোসাল মিডিয়া মার্কেটিং হিসেবে কাজ করে।

চিত্র ঃ ১২.২.২

www.boi.info

লিংক হুইল যখন সোস্যাল মিডিয়া এর ক্ষেত্রে ব্যবহার করা হয় তখন এর কার্যকারীতা সর্বাধিক। তবে শুধুমাত্র সোস্যাল মিডিয়া এর ক্ষেত্রেই নয় এর অনলাইনের সবক্ষেত্রেই যেমন ইমেজ সাইট, ফোরাম, আলোচনা বোর্ডে ইত্যাদি বিষয়ে লিংক হুইল এর প্রয়োগ করা যাবে। লিংক হুইল একটি ওয়েব সাইটের জন্য খুবই গুরুত্বপূর্ণ প্রভাব ফেলে। সার্চ ইঞ্জিনের প্রথম পেইজ এ আনার জন্য লিংক হুইল খুবই গুরুত্বপূর্ণ। লিংক হুইলের মাধ্যমে একটি সাইটের জন্য খুবই শক্তিশালী এবং ভাল গুনগত মান সম্পন্ন লিংক তৈরি করে সার্চ ইঞ্জিনের কাছে এর গ্রহনযোগ্যতা ও অনেক বেশি। এটি এমন একটি এসইও এর প্লাটফর্ম তৈরি করে যেখানে লিংক একটি ওয়েব সাইট হতে অন্য সাইটে প্রবাহিত হয় এবং সর্বশেষে এটি আপনার কাঙ্খিত ওয়েব সাইটে পৌছায়। একটি লিংক হুইলে আপনি অনেক গুলো কী-ওয়ার্ড ব্যবহার করতে পারেন। এবং আপনার ওয়েব সাইট সম্পর্কিত অনেক গুলো আর্টিকেল ব্যবহার করতে পারেন যার সব গুলো প্রভাব আপনার কাঙ্খিত ওয়েব সাইট এর উপর আসে। সবমিলিয়ে বলা যায় আপনার ওয়েবসাইট এর র‍্যাংক বাড়ানোর জন্য এবং সার্চ ইঞ্জিনের প্রথম পেইজ আসার জন্য লিংক হুইল এর প্রয়োজনীয়তা অপরীসিম।

১২.৩ *লিংক হুইল এর সুবিধা*

আপনার ওয়েব সাইট এর কাঙ্খিত সাফল্য পাওয়ার জন্য লিংক হুইল গুরুত্ব অনেক বেশি। তাই লিংক হুইল এর সুবিধা অনেক বেশি।

১। লিংক হুইল এর মাধ্যমে খুব সহজেই এবং খুব কম সময়ে ভাল ফল পাওয়া যায়।

২। লিংক হুইল এর মাধ্যমে অনেক শক্তিশালী লিংক তৈরি হয়।

৩। লিংক হুইল ব্যবহার করে আপনি আপনার ওয়েব সাইট এর জন্য যে লিংক তৈরি করবেন। সার্চ ইঞ্জিন এর কাছে এর গ্রহনযোগ্যতা ও অনেক বেশি।

৪। লিংক হুইল এর মাধ্যমে আপনি অনেক গুলো কী-ওয়ার্ড ব্যবহার করতে পারবেন।

৫। লিংক হুইল এর মাধ্যমে একটি প্লাটফর্মে অনেক গুলো ইনকামিং লিংক তৈরি হয় যা সার্চ ইঞ্জিন এর প্রথম পেইজ এ আসার জন্য খুবই গুরুত্বপূর্ণ।

৬। লিংক হুইল এর মাধ্যমে আপনি আপনার ওয়েব সাইট এর জন্য এক সাথে অনেক গুলো কী-ওয়ার্ড টার্গেট করতে পারবেন।

৭। লিংক হুইল এর মাধ্যমে আপনি আপনার ওয়েব সাইট এর জন্য নির্ধারিত কী-ওয়ার্ডের উপর আধিপত্য করতে পারবেন।

৮। লিংক হুইল তৈরির পর প্রতিটি url দিয়ে অনেক Social Bookmarking করতে পারবেন।

১২.৪ *লিংক হুইল কিভাবে কাজ করে।*

লিংক হুইল এর পুরো বিষয়টি ইন্টা লিংকিং মেথড এর উপর তৈরি করা হয়। এটি তৈরি করা হয় এমন ভাবে যেখানে ইনবাউন্ড লিংক গুলো একই দিকে প্রবাহিত হয়। এটি তৈরি করা হয় Web 2.0 এর কিছু বৈশিষ্টের উপর ভিত্তি করে। লিংক হুইল এর মাধ্যমে একটি প্লাটফর্মে অনেক গুলো ইনকামিং লিংক তৈরি হয় যেখানে সবগুলো লিংক এক সাথে আপনার কাঙ্খিত ওয়েব সাইটকে সাহায্য করে সার্চ ইঞ্জিনের প্রথম পেইজ আসতে। কারণ ইনকামিং লিংক কোন সাইট এর সার্চ ইঞ্জিনের প্রথম পেইজ আসতে অনেক বড় একটি কারণ ভাল গুনগত মান সম্পন্ন ইনকামিং লিংক পেইজ এর ভাল র‍্যাংকিং এর জন্য খুবই গুরুত্বপূর্ণ একটি মাধ্যম। আপনি যখন একটি লিংক হুইল করবেন তখন লিংক গুলো প্রথম সাইট থেকে দ্বিতীয় সাইটে যায় এরপর দ্বিতীয় সাইট থেকে তৃতীয় সাইটে এভাবে আপনি যতগুলো সাইট সিলেক্ট করবেন ততগুলো সাইটে যেতে থাকবে One Way নিয়ম মেনে কিন্তু সবশেষ সাইট থেকে লিংকটি আবার প্রথম সাইট এ ফেরত

www.bookbd.info

আসবে আর এভাবে লিংক হুইল তৈরি করলে সার্চ ইঞ্জিন আপনার সাইট অবজেকটিভ কে খুব ভাল ভাবে ইনডেক্স করতে পারে। যার ফলে আপনার সাইট এর র‍্যাংক এবং ভিজিটর সবদিকে উন্নতি হবে।

এখন আমরা দেখবো কিভাবে লিংক হুইল তৈরি করবেন

লিংক হুইল তৈরি করার প্রথমেই আপনার জন্য কিছু উপযুক্ত কন্টেন্ট দরকার হবে। এখন ধরাযাক আপনার ওয়েব সাইট হল www.bookbd.info এবং এর কী-ওয়ার্ড হল SEO এখন আপনার এই কী-ওয়ার্ডের উপর ৫টি ইউনিক আর্টিকেল তৈরি করতে হবে। আমরা এখন ৫ স্পোকের হুইল তৈরি করব নিচের ৫টা ধাপ অনুসরনকর এগুলো হলঃ

http://wordpress.com

http://www.livejournal.com

http://www.blogger.com

http://www.weebly.com

http://www.jimdo.com

এখন আপনাকে এই ৫টা সাইট এ সাইট এ নিবন্ধন করতে হবে এবং এই সাইট গুলোর উপর ৫টা ব্লগ তৈরি করতে হবে। তাহলে ৫টি নতুন ব্লগের সাথে আপনার ৫টি নতুন url তৈরি হবে। ধরা যাক ৫টি Url হল ।

http://linkwheel.wordpress.com/

http://linkwheel.livejournal.com/

http://linkwheel.blogger.com/

http://linkwheel.weebly.com/

http://linkwheel.jimdo.com/

এগুলো দিয়ে একটা লিংক হুইল তৈরি করা যাবে। তবে URL গুলো শুধুমাত্র উদাহরণ হিসেবে নেওয়া হয়েছে। এখানে URL গুলো আপনি আপনার ইচ্ছামত বাছাই করতে পারবেন। এই URL গুলো দিয়ে আপনি আপনার কাঙ্খিত ব্লগ গুলো খুজে পাবেন সেখানে আপনার কী-ওয়ার্ড হল এস ই ও এখন আপনার যে ৫টি আর্টিকেল আছে সেগুলো আপনার ৫টি ব্লগে পোষ্ট করে দিন। এভাবে আপনার ব্লগে কন্টেন্ট তৈরি হবে। এখন আপনাকে লিংক চাকা তৈরি করতে হবে।

প্রথম ধাপঃ

আপনার প্রথম ব্লগটি ছিল http://linkwheel.wordpress.com এই ব্লগে আপনি আপনার আর্টিকেল এর উপর দু'টি অ্যাংকর লিংক তৈরি করবেন। আপনার আর্টিকেল এর যেকোন জায়গায় আপনি আপনার প্রধান সাইটকে জুড়ে দিতে পারবেন এই এস ই ও কী-ওয়ার্ডটিকে এবং আপনার পরবর্তী কী-ওয়ার্ডটি আপনার পরবর্তী ব্লগ Url http://linkwheel.livejournal.com/ এ জুড়ে দিয়ে হুইল তৈরি করা শুরু করুন। বোঝার সুবিধার্থে নিচের ছবিটি লক্ষ্য করুন।

www.bookbd.info

....

About White Hat SEO strategy

Search engine optimization or better known as SEO is a way of hyper-activating any particular website to generate heavy amounts of daily traffic. Today with the numerous volumes of websites being created on a daily basis this particular strategy is declining and webmasters are seeking new and innovative ways through which websites can attract larger amounts of traffic. Since simple SEO optimized websites detain a lot of maintenance plus new and frequently updated content is required, replacing the old one which when introduced does not keep up with the Google.com page rank, White Hat SEO strategies were duly introduced. What is White Hat SEO and how does White Hat SEO techniques work, please read the following.

চিত্রঃ ১২.৪.১

আপনারা দেখতে পাচ্ছেন যে আর্টিকেল এর প্রথম লাইনটি আপনার প্রধান ওয়েবসাইট www.bookbd.info কে অ্যাংকার টেক্সট এর সাহায্যে এস ই ও কী-ওয়ার্ড দিয়ে এবং শেষের লাইনটি হয় ব্লগ Url livejournal.com কে হাইলাইট করা হয়েছে। এভাবে প্রথম ধাপকে দ্বিতীয় ধাপের সাহায্যে সংযুক্ত করা হয়েছে।

দ্বিতীয় ধাপঃ দ্বিতীয় ব্লগ http://linkwheel.livejournal.com/ এ আপনাকে প্রথম ধাপের মত দু'টি অ্যাংকর লিংক তৈরি করতে হবে। প্রথম ধাপের মতই প্রথম কীওয়ার্ড টিকে যথাস্থানে বসাতে হবে এবং
দ্বিতীয় কী-ওয়ার্ডটি লিংক তৈরি করার জন্য আপনার পরবর্তী ব্লগ Url http://linkwheel.blogger.com এ জুড়ে দিতে হবে। নিচের ছবিটি লক্ষ্য করুন।

Reason of Using White Hat SEO For Website

SEO optimized pages and websites are easily visible on the search engines. If you have not paid for your site, no need to worry. You can easily optimize your page and show in the search engine's search results. Visitors use search engines for various purposes like academic search, video search, local search and image search. If your job is internet marketing, then search engine optimization is indispensable. If you ask what is white hat SEO? Then I will tell you simply that white hat SEO techniques will provide you better results and keep your site or page always search engine optimized. If you use SEO techniques without selecting the best one it may result your website included in the list of non-indexed pages. You must read more about these SEO methods to know much better.

চিত্রঃ ১২.৪.২

www.bookbd.info

এটার বর্ণনা প্রথমে ধাপ এর মতই। প্রথম লাইন এ প্রধান সাইটকে নির্দিষ্ট করা হয়েছে এস ই ও কী-ওয়ার্ড দিয়ে। কিন্তু এখানে শেষের লাইনটি ৩য় ব্লগ Url Blogger.com দিয়ে নির্দিষ্ট করা হয়েছে ঐ একই কীওয়ার্ড এস ই ও দিয়ে। সুতরাং একই ভাবে আমাদের ২য় ধাপটি ৩য় ধাপের সাথে যুক্ত হল। এখন আমরা ৩য় ধাপে যাব।

তৃতীয় এবং চতুর্থ ধাপ

এই দুইটি ধাপে আপনাকে পর্যায়ক্রমে প্রথম এবং দ্বিতীয় ধাপ এর মত করেই অনুসরন করতে হবে। এই সাইটে কন্টেন্ট পোষ্ট করার পর আপনার প্রধান সাইটকে নির্দিষ্ট করুন এবং এটিকে তৃতীয় এবং চতুর্থ ধাপে দ্বিতীয় কী-ওয়ার্ড এর সাথে যুক্ত করুন ঐ আর্টিকেল এর দ্বিতীয় কী-ওয়ার্ডটিকে।

অর্থাৎ তৃতীয় আর্টিকেলঃ
প্রথম কী-ওয়ার্ড > প্রধান সাইট
দ্বিতীয় কী-ওয়ার্ড > চতুর্থ ধাপ
চতুর্থ আর্টিকেল > প্রথম কী-ওয়ার্ড > প্রধান সাইট
দ্বিতীয় কী-ওয়ার্ড > পঞ্চম ধাপ

পঞ্চম এবং শেষ ধাপ

আপনার স্পোক সিলেক্ট করার অনুযায়ী এটি আপনার শেষ ধাপ। আপনি ইতিমধ্যে পঞ্চম ধাপকে চতুর্থ ধাপের সাথে জুড়ে দিয়েছেন। এখন পুর্বের মত আপনার প্রধান সাইটকে এস ই ও কী-ওয়ার্ড দিয়ে যুক্ত করুন এবং প্রথম ধাপের সাথে ২য় কী-ওয়ার্ড দিয়ে লিংক চাকা সমাপ্ত করুন। নিচের ছবিটি লক্ষ্য করুন।


White Hat SEO methods

The main thing it says, before most of us check out to be conscious of this white hat SEO methods, learn about, what is White Hat SEO? The white hat SEO corresponds to this technique, approaches as well as techniques that will mostly focus on those people who are next Google to make them completely careful of its concepts as well as guidelines. White Hat SEO performs on its techniques about the significance as well as place, often it is known as without substances enhanced. The principal focused on using SEO should be conscious of these keywords and words as well as key term evaluate, for producing hyperlinks to develop this reputation by building up. In addition to White hat SEO is known as ethical SEO because it functions content for supporters who wish to make use of such content for year's expenditure.

চিত্রঃ ১২.৪.৩

আপনারা দেখতে পাচ্ছেন যে আর্টিকেল আর্টিকেল এর প্রথম লাইনটি আপনার প্রধান ওয়েবসাইটটি www.bookbd.info কে অ্যাংকর টেক্সট এস ই ও দিয়ে নির্দিষ্ট করা হয়েছে এবং শেষের লাইনটি প্রথম ব্লগ url wordpress.com কে হাইলাইট করা হয়েছে ঐ একই কী-ওয়ার্ড এস ই ও দিয়ে। সুতরাং পঞ্চম ধাপ প্রথম ধাপের সাথে যুক্ত হল। এভাবে লিংক হুইল সমাপ্ত হল। আপনারা দেখতে পাচ্ছেন। পাঁচটি ব্লগই একের অপরের সাথে অ্যাংক

www.bookbd.info

টেক্সট এর সাহায্য যুক্ত হয়েছে। প্রতিটি ব্লগ এর ই প্রথম লক্ষ্য হল প্রধান সাইটকে টার্গেট করা এবং দ্বিতীয় লক্ষ্য হল পরবর্তী ব্লগকে নির্দিষ্ট করা এবং সবশেষে পঞ্চম ব্লগটি প্রথম ব্লগের সাথে যুক্ত হয়ে চেইন বা হুইল সমাপ্ত করে। নিচের ছবিটি লক্ষ্য করুন।



চিত্রঃ ১২.৪.৩

আশাকরি এখন আপনারা লিংক হুইল তৈরি করতে পারবেন।

১২.৫ *লিংক হুইল এর কিছু টিপস্*

Link Wheel *করার জন্য কিছু গুরুত্বপূর্ণ টিপস*

১। লিংক হুইল করার সময় ব্লগ গুলোকে সঠিক ভাবে তৈরি করুন।

২। লিংক হুইল করতে ব্লগ গুলোতে সবগুলো কন্টেন্ট ইউনিক ব্যবহার করুন।

৩। কয়েকটি গুরুত্বপূর্ণ কী-ওয়ার্ড পছন্দ করুন এবং সেগুলো ব্যবহার করুন।

৪। মনে রাখবেন যদি সঠিক উপায়ে লিংক হুইল করতে না পারেন সেক্ষেত্রে আপনার ওয়েব সাইট এর উপর বিরূপ পতিক্রিয়া হতে পারে।

৫। লিংক হুইল করার ক্ষেত্রে কমপক্ষে তিনটি স্পোক দিয়ে শুরু করুন তবে এর চেয়ে যত বেশি খুশি আপনি স্পোক নির্দিষ্ট করতে পারবেন।

৬। লিংক হুইল করার জন্য Web 2.0 এর বিষয়ে ভাল ভাবে জেনে নিন।

৭। একটি সাইট এর সাথে অন্য সাইট এর লিংক ঠিকভাবে করান এইভাবে লিংক গুলোকে সঠিক ভাবে প্রবাহিত করান।

www.boook.info

উপরোক্ত বিষয় গুলো ঠিক ভাবে মনে রাখবেন এবং স্পোক গুলো সঠিক ভাবে করবেন তাহলে আশাকরি সঠিকভাবে লিংক হুইল করতে পারবেন।

www.bookbd.info

....

অধ্যায়-১৩ ফোরাম পোষ্টিং

(Forum Posting)

১৩.১ ফোরাম পোষ্টিং কি?

অনলাইন এ অনেক ওয়েব সাইট রয়েছে যেখানে কোন Subject বা Topic এর উপর মানুষ আলোচনা করে। এ সকল ওয়েবসাইট গুলো নির্দিষ্ট কোন বিষয়ের হয়। মানুষ এ সকল সাইটে ফ্রি মেম্বার হয়ে আলোচনা করতে পারে। অর্থাৎ যে বিষয়ের উপর ঐ ওয়েবসাইট সেই বিষয়ের যে কোন মতামত অথবা কোন সমস্যার কথা বলতে পারে এবং ঐ সকল সমস্যার সমাধান ও দিতে পারে। তবে একটি ওয়েব সাইট এর যে কজন মেম্বার থাকেন এ সকল আলোচনা ঐ সকল মেম্বার এর মধ্যে সীমাবদ্ধ থাকে। এ সকল সাইটকে বলা হয় Online Forum আর Online Forum এর মাধ্যমে যেভাবে Back Link তৈরি করা হয় তাকে বলা হয় Forum Posting করতে হয় তবে তার আগে Forum Posting করার জন্য অন্যান্য বিষয় গুলো জানবো।

১৩.২ ফোরাম পোষ্টিং এর প্রয়োজনীয়তা

আপনার ওয়েব সাইট এর পেইজ র‍্যাংক বাড়ানোর জন্য এবং সাইটে ট্রাফিক বাড়ানোর জন্য একটি ফোরামে অনেক সদস্য থাকে। আর আপনি যখন Forum Posting এর মাধ্যমে আপনার সাইটকে এই Forum Site এ তুলে ধরবেন তখন অন্যান্য সদস্যগন আপনার সাইটটি সম্পর্কে জানতে পারবে। এতে করে আপনার সাইট এর ট্রাফিক এর সংখ্যা অনেক বাড়বে। এছাড়া Forum Posting এর মাধ্যমে যে Back Link করা হয় সেগুলোর গুনগত মান অনেক ভাল হয়। আর এ সকল Back Link এর গ্রহন যোগ্যতাও অনেক বেশি। সার্চ ইঞ্জিন এ সকল Back Link এর মাধ্যমে যে সকল সাইট গুলো যুক্ত হয় সেসকল সাইট গুলোকে ভাল ভাবে ইনডেক্স করতে পারে। সার্চ ইঞ্জিন রিলেটেড সাইট গুলো পছন্দ করে আর আপনি যখন Forum সাইট গুলোতে লিংক করবেন তখন অবশ্যই ঐ Forum এর বিষয় এর সাথে আপনার সাইট এর বিষয়ের মিল থাকতে হবে।

ফলে স্বাভাবিক ভাবেই এ সকল Back Link এর গ্রহনযোগ্যতা সার্চ ইঞ্জিন এর কাছে অনেক বেশি হয় আপনি আপনার সাই সম্পর্কিত বিভিন্ন ফোরামের সাথে যুক্ত হতে পারেন। অর্থাৎ ফ্রি সদস্য হতে পারেন এরপর সেখানে আপনি আপনার সাইট সম্পর্কিত অথবা ঐ ফোরাম এর সাথে সংগতিপূর্ণ কোন কিছু পোষ্ট করতে পারেন এছাড়া অন্য কারো পোষ্টে আপনি Comment করতে পারেন। এভাবে আপনি সাইট সম্পর্কে অন্যের মতামত পাবেন। ফলে আপনার সাইট এর বিষয় সম্পর্কে একদিকে যেমন আপনার অনেক ধারনা হবে অন্যদিকে শক্তিশালী Back Link তৈরি করতে পারবেন।

ফলে স্বাভাবিক ভাবেই এ সকল Back Link এর গ্রহনযোগ্যতা সার্চ ইঞ্জিন এর কাছে অনেক বেশি হয়। আপনি আপনার সাইট সম্পর্কিত বিভিন্ন ফোরামের সাথে যুক্ত হতে পারেন। অর্থাৎ ফ্রি সদস্য হতি পারেন এরপর সেখানে আপনি আপনার সাইট সম্পর্কিত অথবা ঐ ফোরাম এর সাথে সংঙ্গতিপূর্ণ কোন কিছু পোষ্ট করতে পারেন। এছাড়া অন্য কারো পোষ্ট এ আপনি Comment করতে পারেন। এভাবে আপনি সাইট সম্পর্কে অন্যেও মতামত পাবেন। ফলে আপনার সাইট এর বিষয় সম্পর্কে একদিকে যেমন আপনার অনেক ধারনা হবে অন্যদিকে শক্তিশালী Back Link তৈরি করতে পারবেন।

১৩.৩ ফোরাম পোষ্টিং এর সুবিধা

Forum Posting এর প্রয়োজনীয়য়তা থেকে আশা করছি অন্তত এটুকু বুঝতে পারছেন যে Forum Posting এর সুবিধা ও অনেক।

১। Forum Posting এর ফলে যে Back Link করা হয় এই Back Link এর রেজাল্ট খুব দ্রুত পাওয়া যায়।

www.bookbd.info

২। Forum সাইট গুলো সার্চ ইঞ্জিনের মাধ্যমে খুব সহজেই পাওয়া যায়।
৩। Forum Posting এর ফলে যে Back Link তৈরি করা হয় সেগুলোর গুনগত মান অনেক ভাল হয় এবং আপনার সাইট এর বিষয়ের সাথে যেহেতু আপনার সাইট এর মিল থাকবে তাই সার্চ ইঞ্জিনের কাছে এর গ্রহনযোগ্যতা ও অনেক বেশি।
৪। Forum Posting এর মাধ্যমে আপনি খুব সহজে আপনার সাইট এর লিংক করতে পারবেন।
৫। Forum এর সাথে যুক্ত হলে ঐ Forum এর বিষয়ে আপনি আপনার মতামত দিতে পারবেন এছাড়া ঐ বিষয়ে অন্যের মতামত সম্পর্কে অবগত হবেন তাছাড়া আপনার যে কোন সমস্যার কথা অন্যদেরকে জানিয়ে সমাধান ও পেয়ে যেতে পারেন। এভাবে ঐ বিষয় সম্পর্কে বিষেশ করে আপনার সাইট সম্পর্কে আপনার খবু ভাল ধারনা তৈরী হবে। যেটি কাজে লাগিয়ে আপনি আপনার ওয়েব সাইট এর আরও বেশি উন্নতি করতে পারবেন।
৬। শুধুমাত্র আপনার ওয়েব সাইটই নয় এমন অনেক ফোরাম আছে যেখানে যুক্ত হয়ে আপনি অনেক কিছু জানতে পারবেন যেগুলো আপনি আপনার ব্যক্তিগত জীবনে কাজে লাগাতে পারবেন।

১৩.৪ ফোরাম পোষ্টিং কিভাবে কাজ করে

আপনি যখন আপনার ওয়েব সাইট এর সাথে সম্পর্কিত অন্যান্য Forum সাইট এর সাথে যুক্ত হবেন তখন আপনি আপনার মতামত পোষ্ট করতে পারবেন এবং অন্যান্যদের Post এ Comment করতে পারবেন। আর এ সকল Post অথবা Comment এর মধ্যে আপনি আপনার টার্গেটেড ওয়েব সাইটটি Hyper Text এর মাধ্যমে লিংক করে দিতে পারেন। এভাবে আপনার ওয়েব সাইটটি Back Link হিসেবে প্রদর্শিত হবে যে Back Link সার্চ ইঞ্জিন ইনডেক্স করবে।

এখন আমরা দেখবো কিভাবে Forum Posting এর মাধ্যমে Back Link করতে হয়। কোন Forum সাইট এ Back Link করার জন্য প্রথমে আপনাকে ঐ Forum সাইট এ Account তৈরি করতে হবে। এজন্য আপনাকে ঐ Forum সাইট এ Sign up করতে হবে। এরপর আপনি ঐ Forum এর Account তৈরি জন্য Application form পাবেন যেটি আপনাকে যথাযথ ভাবে পূরন করতে হবে। এরপর Email Verification করে পুনরায় ঐ Forum সাইট এ Login করুন এরপর প্রায় প্রতিটি Forum এ নিচের মত Image দেখতে পারবেন।



চিত্রঃ ১৩.৪.১ ফোরাম সাইট

www.bookbd.info

Forum এর বাম পাশের Side Bar এ বা Main Body তে ঐ Forum এর বিভিন্ন Category থাকে। আমরা আমাদের Keyword এর সাথে Related Category তে ক্লিক্ করলে ঐ Category এর Under এ সবশেষ Post গুলোর Headline দেখতে পাব। এই পেইজ থেকেই আমরা ঐ Category তে New Thread বা New Post শুরু করতে পারব। নিচের চিত্রটি লক্ষ্য করুন।



চিত্রঃ ১৩.৪.২ ফোরাম সাইডবার

এখানে একটির পর একটি বক্স থাকবে যেখানে আপনি আপনার Tergeted Keyword এর সাথে সম্পর্কিত একটা Title এবং Description দিয়ে Submit করে দিলেই সাথে সাথে ঐ Article টি Published করতে পারবেন এবং এই Description এর মাঝে আপনি আপনার Keyword টি Hyper Link এর মাধ্যমে দিয়ে দিতে পারবেন।
এটি করার জন্য আগের মত করে যে কোন একটি ফোরাম এ ক্লিক্ করলে ঐ Category এর অন্তভক্ত Letest Post গুলো দেখতে পারবেন এর Post গুলোর Headline সহ। এখন এই Post গুলোর Article টি দেখার জন্য ঐ Post এর Headline ক্লিক্ করুন তাহলে Main Article টি দেখতে পাবেন।

চিত্রঃ ১৩.৪.৩

www.boomi.info

এখন আপনার অ্যাকাউন্ট এ Log in করার পর আপনার Profile টি দেখতে পাবেন। এখন আপনার Profile এ ক্লিক্ করুন। এখানে নিজের User Name অথবা User Name এর নিচে Privet Message বাটনে ক্লিক্ করলে নিচের মত একটি Page দেখতে পাবেন। এখানে আপনি আপনার Account এ Signatured করতে পারবেন। Signature হল Link করার একটি উপায়। নিচের চিত্রটি লক্ষ্য করুন।



চিত্রঃ ১৩.৪.৪

এতে করে আপনি এই Forum এ যেখানে Comment বা Post করুন না কেন আপনার Comment বা Post এর নিচে ঐ Signature থেকে যাবে। আর এর সাথে যেহেতু আপনার টার্গেটেড ওয়েবসাইটটি Hyper Link করা আছে তাই এটা Back Link হিসেবে Accept হবে। এভাবে আপনি Forum Posting করতে পারেন। আপনাদের সুবিধার্থে আপনার যেন আপনারদের Keyword রিলেটেড Forum Site খুব সহজে খুজে পান সেটার একটি ফরমেট দেওয়া হল।



চিত্রঃ ১৩.৪.৫

....

১৩.৫ ফোরাম পোষ্টিং এর কিছু টিপস্

১। Forum Posting Site গুলো সার্চ ইঞ্জিন এ সার্চ করলে পেয়ে যাবেন।

২। কিছু Forum Site আছে যেখানে আপনি Account তৈরি করার ½ দিন পর ঐ সাইট এ New Thread বা New Post করতে পারেন।

৩। আবার অনেক গুলো ফোরাম আছে যেখানে আপনাকে কমপক্ষে ১০/১৫/২০ টি Comments করার পরআপনি সেখানে New Thread বা New Post করতে পারেন।

৪। Forum Posting করার জন্য আপনি যে সাইট এ Account তৈরি করবেন ঐ সাইট এর url এবং ঐ সাইট এর User Name এবং Password এবং সকল ডাটা Excel Sheet এ সেভ করে রাখুন।

৫। Forum Site এ Account তৈরির পর ঐ ফোরাম সাইট এর নিয়ম কানু ভাল ভাবে পড়ে নিন এবং সেই অনুযায়ী এখানে কাজ করবেন।

৬। একটি Forum Site এ যা কিছু Post করবেন সেগুলো যেন ঐ ফোরাম এর বিষয় সম্পর্কিত হয়।

৭। যে আর্টিক্যালে Comments করবেন খেয়াল রাখবেন আপনার Comments টি যে ঐ আর্টিক্যালের বিষয়েই হয়।

৮। আপনি যদি Forum Site এর নিয়ম কানুন অমান্য করে New Post অথবা Comment করেন তাহলে Forum Site এর মেম্বার লিষ্ট থেকে আপনাকে বাদ দেওয়া হতে পারে।

www.bookbd.info

....


<?php
echo "Hello Bangladesh";
?>
Your First Programming Language
সহজ ভাষায় সবার জন্য...
পিএইচপি এন্ড মাইএসকিউএল
From Beginner to Professional
Website Development
Database Application
php
MySQL®
Web Based Software
ওয়েব অ্যাপ্লিকেশন তৈরীতে বিশ্বের সর্বাধিক জনপ্রিয় ও ব্যবহৃত প্রোগ্রামিং ল্যাংগুয়েজ PHP ই হোক আপনার প্রথম পছন্দের ল্যাংগুয়েজ। নিজেকে প্রমাণ করুন একজন দক্ষ প্রোগ্রামার হিসেবে আর PHP MySQL এর সমন্বয়ে আপনিও তৈরী করুন বিভিন্ন ওয়েব ভিত্তিক অ্যাপ্লিকেশন ও ডাইনামিক ওয়েবসাইট।
১৩টি প্রজেক্ট সম্বলিত
মোঃ মিজানুর রহমান
Learn Programming with Fun
With CD
Download
Latest Version : PHP 5, MySQL 5
www.bookbd.info

www.boiRboi

অধ্যায়-১৪ সোস্যাল নেটওয়ার্কিং

(Social Networking)

১৪.১ সোস্যাল নেটওয়ার্কিং এর কিছু কথা

সোস্যাল নেটওয়ার্কিং হল এমন একটি অনলাইন সেবা বা সামাজিক নেটওর্য়াকিং সাইট যেখানে অনলাইন সেবার মাধ্যমে মানুষের মধ্যে সামাজিক সম্পর্ক বা সামাজিক ভাবে নেটওর্য়াক তৈরি করে। সামাজিক নেটওর্য়াক সাইট গুলো কারো সার্থ, ক্রিয়াকলাপ, বাস্তবজীবনের সংযোগ, ব্যাক গ্রাউন্ড এসকল বিষয় গুলোকে অন্যদের সামনে তুলে ধরে। আবার অনলাইন কমিউনিটি সেবা একটি সামাজিক নেটওর্য়াক পরিসেবা হিসেবে বিবেচিত হয়। অনলাইন কমিউনিটি পরিসেবা গুলি গ্রুপ কেন্দ্রিক, এসকল সাইট ব্যবহারকারীরা তাদের নিজেদের ধারনা, কার্যক্রম, ইভেন্ট এবং তাদেও ব্যাক্তিগত নেটওর্য়াক গুলো শেয়ার করতে পারেন।

১৪.২ সোস্যাল নেটওয়ার্কিং এর প্রয়োজনীয়তা

ইন্টরনেট ব্যবহারকারী সকল মানুষ কোন না কোন ভাবে সোস্যাল নেটওয়ার্কিং এর সাথে জড়িত আছেন। তাই আপনি আপনার সাইট এর প্রচার এসকল সোস্যাল নেটওর্য়াকিং সাইট গুলোর মাধ্যমে খুব সহজেই প্রচার করতে পারেন। সোস্যাল নেটওয়ার্কিং সাইট গুলোতে আপনি আপনার যে কোন সমস্যার সমাধান পেতে পারেন। স্যোস্যাল নেটওয়ার্কিং সাইট গুলো কোন বিশেষ শ্রেণীর নয় যে কেউ এখানে তার যে কোন বিষয় শেয়ার করতে পারেন। তাই অন্যান্য লিংক বিল্ডিং এর ক্ষেত্র গুলোর চেয়ে সোস্যাল নেটওয়ার্কিং এ লিংক বিল্ডিং বা আপনার সাইট এর প্রচার অনেক সুবিধা এবং সহজ। স্যোসাল নেটওয়ার্কিং আপনার যে কোন ব্যবসার ক্ষেত্রে অনেক বড় একটি ভুমিকা রাখতে পারে। সোস্যাল নেটওয়ার্কিং সাইট গুলো ব্যবসায়িক যোগাযোগ বৃদ্ধি ক্লায়েন্টকে সাহায্য এবং পাবলিক সচেতনতা বৃদ্ধি করে ফলে এসকল সাইটে পোষ্ট করে অনেক ভিজিটরকে জানিয়ে দিতে পারেন। আরও একটি খুবই গুরুত্বপূর্ণ বিষয় হল সোস্যাল নেটওয়ার্কিং সাইট গুলো যেমনঃ facebook, linkeding, twitter এসকল সাইট গুলোর সাইট র‍্যাংক অনেক বেশি হয়। তাই এ সকল সাইট গুলোতে লিংক বিল্ডিং করলে একদিকে যেমন অনেক বেশি প্রচার হয় সেই সাথে বেশি পেইজ র‍্যাংক যুক্ত সাইট গুলোর সাথে আপনার ওয়েব সাইট এর ব্যাক লিংক হবে। যেটা সর্বোপরি আপনার ওয়েব সাইট এর উপর ভাল প্রভাব ফেলবে।

১৪.৩ সোস্যাল নেটওয়ার্কিং এর সুবিধা

স্যোসাল নেটওয়ার্কিং করলে আপনি ব্যক্তিগত ভাবে এবং আপনার পেশাগত অথবা ব্যবসায়িক সবদিক দিয়েই লাভবান হবেন।

১। সোস্যাল নেটওয়ার্কিং করে আপনার সাইট এর প্রচার সহজে এবং খুব ভালভাবে করতে পারবেন।

২। সোস্যাল নেটওয়ার্কিং এর মাধ্যমে আপনার যে কোন সমস্যার কথা অন্য সবার কাছে তুলে ধরতে পারবেন এবং এখান থেকে সমস্যার সমাধান পেয়ে যেতে পারেন।

৩। পেশাগত ভাবে অথবা ব্যবসায়িকগত ভাবে অন্য সবার সাথে সম্পর্ক তৈরি হবে।

৪। সোস্যাল নেটওয়ার্কিং সাইট গুলোর পেইজ র‍্যাংক অনেক বেশি হয় যার ফলে এ সকল সাইট গুলোর সাথে আপনার সাইট এর ব্যাকলিংক অনেক শক্তিশালী হয় এবং এর গুনগত মান ও অনেক ভাল হয় যার গ্রহনযোগ্যতা সার্চ ইঞ্জিন এর কাছে অনেক বেশি।

৫। সোস্যাল নেটওয়ার্কিং এর মাধ্যমে লিংক বিল্ডিং করা অনেক সহজ।

www.bookbdinfo

১৪.৪ সোস্যাল নেটওয়ার্কিং কিভাবে কাজ করে

সোসাল নেটওয়ার্কিং এর মাধ্যমে কাজ করতে হলে প্রথমে আপনাকে সোস্যাল নেটওয়ার্কিং সাইট গুলোতে সদস্য হতে হবে অর্থাৎ এ সকল ওয়েব সাইট গুলোতে আপনাকে Account Open করতে হবে। তারপর আপনি এই সাইট গুলোতে আপনার কাজ করতে পাবেন। আপনি যখন এ সকল সাইট গুলোতে সদস্য হবেন তখন এই সাইটের অনান্য সদস্যদেরকে খুজে পাবেন এবং তাদেও সাথে পরিচিত হতে পারবেন। তখন আপনি যদি এই সাইটে কোন কিছু Post করেন। তখন অন্য সবাই আপনার Post টি দেখতে পারবে। এই সকল সাইটের সকল সদস্যদের মধ্যে আপনি আপনার ইচ্ছেমত অন্যদের আপনার Account এর সাথে যুক্ত করতে পারবেন। তারাই আপনার Post টি দেখতে পারবে আবার আপনার Account এর অন্য সদস্যগন কিছু পোষ্ট করলে সেগুলো আপনি দেখতে পারবেন। এ সকল সদস্যকে ওয়েব সাইট অনুসারে বিভিন্ন নামে ডাকতে পারেন যেমন Facebook এর সদস্যদের ফ্রেন্ডস আর Twitter এর অন্য সদস্যদের ফলোআরস ইত্যাদি। এসকল সদস্য ছাড়াও আপনি এ সকল সাইট আপনার নিজস্ব গ্রুপ তৈরি করতে পারেন এবং আপনার ব্যবসায়িক বা অন্য যে কোন কাজের জন্য নিজস্ব পেইজ তৈরি করতে পারবেন। যেখানে শুধুমাত্র আপনার গ্রুপের সদস্যরা আপনার সার্ভিস বা আপনার নিউজ গুলো দেখতে পারবে। মূলত এভাবেই সোস্যাল নেটওয়ার্কিং সাইট গুলো কাজ করে।

সোস্যাল নেটওয়ার্কিং সাইট গুলোর মধ্যে Facebook বহুল জনপ্রিয় এবং অনেক সাইট র‍্যাংক বিশিষ্ট্য একটি ওয়েব সাইট আমরা এখন দেখবো কিভাবে Facebook এর মাধ্যমে আপনি আপনারর সাইট এর লিংক বিল্ডিং করতে পারেন। Facebook এ লিংক বিল্ডিং করার জন্য প্রথমে আপনাকে Facebook এ একটি Account খুলতে হবে এ জন্য www.facebook.com এ ভিজিট করুন নিচে লক্ষ্য করুন নিম্নরূপ একটি পেইজ দেখতে পাবেন যেখানে Sign up কথাটি লেখা রয়েছে এবং এর নিচে আপনার Account Open করার জন্য Application form রয়েছে।



চিত্রঃ ১৪.৪.১

www.okbd.info

এখানে Application form টি পূরন করে নিচের Sign up বাটনে ক্লিক্ করুন। তাহলে আপনার Account তৈরি হয়ে যাবে। এখন নিচের চিত্রটি লক্ষ্য করুন এখানে আপনি আপনার ব্যবসায়িক বা পেশাগত বা ব্যক্তিগত যে কোন কিছু লিখে পোষ্ট বাটনে ক্লিক্ করুন তাহলে আপনার লেখাটি আপনার অন্যান্য ফ্রেন্ডস দেখতে পারবে।



চিত্রঃ ১৪.৪.২

এখানে শুধুমাত্র আপনার লেখাই নয় আপনি যে কোন ধরনের ছবি ও এখানে পোস্ট করতে পারবেন আর এই লেখার সাথে আপনি আপনার কাঙ্খিত ওয়েব সাইট এর লিংক দিয়ে দিন এবং পোস্ট করে দিন তাহলে আপনার দেওয়া লিংকটি সবাই দেখতে পারবে এবং এই লিংক দিয়ে অন্য যে কোন কেউ আপনার ওয়েব সাইট ভিজিট করতে পারবে।



চিত্রঃ ১৪.৪.৩

১৪.৫ সোস্যাল নেটওয়ার্কিং করার জন্য কিছু টিপস্

১। সোস্যাল নেটওয়ার্কিং করার সময় আপনাকে Account টি যথাযথ ভাবে তৈরি করুন।

....

২। সোস্যাল নেটওয়ার্কিং সাইট গুলোতে Account ওপেন করার সময় সকল Requierment গুলো দিয়ে দিন। তাহলে অন্য সবাই আপনাকে সঠিক ভাবে খুজে পাবে।
৩। আপনার Account এর Friends যত বেশি হবে আপনার সাইট এর ফ্রেন্ডস্ এর সংখ্যা বাড়ান।
৪। আপনি নিজে গ্রুপ তৈরি করুন এবং অন্য গ্রুপের সাথে যুক্ত হউন।
৫। প্রতিদিন এমন কিছু করে Post করুন যে পোষ্ট থেকে অনেক বেশি লাইক এবং কমেন্টস্ পেতে পারেন। এতে করে আপনার অ্যাকাউন্ট এর মূল্য বাড়বে।

www.bookbd.info

....


ঘরে বসে টাকা আয়
ইন্টারনেটে আত্মকর্মসংস্থান-১
Genuine Online Job & Outsourcing
মোঃ মিজানুর রহমান
ইন্টারনেটে আয় এবং উপার্জন বর্তমান আন্তর্জাতিক শ্রমবাজারের একটি আলোচিত বিষয়। এখানে দক্ষ ও স্বল্পদক্ষ জনশক্তির জন্য রয়েছে বিশাল কর্মসংস্থানের সুযোগ। এ বিশাল সুযোগকে কাজে লাগিয়ে আমরা আমাদের দেশের বেকারত্বের হার অনেকটাই হ্রাস করতে পারি এবং অবদান রাখতে পারি দেশের অর্থনীতিতে। সে লক্ষ্যেই এই বইটিতে অনলাইনে আয় ও এর বিভিন্ন দিক নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়েছে।
with DVD
Outsourcing Freelancer Work Elance Jobbay Bookbd Microworkers 99design
Desk
DOWNLOAD
www.bookbd.info

অধ্যায়-১৫ ই-মেইল মার্কেটিং

(E-Mail Marketing)

১৫.১ ই-মেইল মার্কেটিং এর কিছু কথা

আধুনিক বিশ্বে যে কোন পন্য বা সেবা প্রচার করার জন্য খুব সহজ কিন্তু খুব শক্তিশালী একটি মাধ্যম হল ইন্টারনেট মার্কেটিং। আর ইন্টারনেট মার্কেটিং এর একটি বড় অংশ হল ই-মেইল মার্কেটিং। ই-মেইল মার্কেটিং কে অনলাইনে ডাইরেক্ট মার্কেটিং তথা সরাসরি মার্কেটিং ও বলা যায়। আধুনিক বিশ্বে সব কোম্পানী গুলোর কাছে ই-মেইল মার্কেটিং খুবই গুরুত্বপূর্ণ এবং জনপ্রিয় মার্কেটিং ব্যবস্থা। কারন এই প্রচার মাধ্যমে আপনি আপনার প্রতিষ্ঠানের পন্য বা সেবা খুব সহজেই এবং খুব কম সময়ের মধ্যে অনলাইনের মাধ্যমে অন্যের কাছে পৌছে দিতে পারেন। যেখানে অন্য প্রচার মাধ্যমে সময় যেমন বেশি প্রয়োজন হয় তেমনি অর্থ ব্যায় ও অনেক হয়। কারন অনলাইন মার্কেটিং ছাড়া অন্য যে সকল প্রচার মাধ্যম রয়েছে সেখানে জনশক্তির প্রয়োজন বেশি হয়। যেখানে ই-মেইল মার্কেটিং করার জন্য খুবই স্বল্প সংখ্যক মানুষের প্রয়োজন হয়।

এখন প্রশ্ন করতে পারেন কেন ই-মেইল মার্কেটিং এত সহজ। এই প্রশ্নের উত্তর এর জন্য চিন্তা করুন। অনলাইন মাকেংটিং ছাড়া অন্য যে সকল মাকেটিং আছে সে সকল মার্কেটিং এর ক্ষেত্রে আপনার প্রতিষ্ঠান এর পন্য বা সেবা প্রচার করার জন্য সবং প্রথম যে বিষয়টি সম্পর্কে চিন্তা করতে হবে যেন আপনার প্রতিষ্ঠার এর পন্য বা সেবা অন্যের কাছে গিয়ে কিভাবে পৌছাবে। এ জন্য আপনার প্রধানত প্রয়োজন হবে অনেক জনবল এবং অনেক অর্থের। অপর দিকে ই-মেইল মার্কেটিং এর কথা একটু চিন্তা করুন শুধুমাত্র আপনি একটু সময় বের করে আপনার ঘরে বসে শুধুমাত্র আপনার কম্পিউটার এবং এর সাথে ইন্টারনেট এর সংযোগ নিয়ে আপনি একই লক্ষ লক্ষ মানুষের কাছে আপনার প্রতিষ্ঠান এর সেবা বা পন্য পৌছে দিতে পারেন।

আসলে ই-মেইল সর্ব প্রথমে মানুয়ের একটি যোগাযোগ মাধ্যম ছিল। কিন্তু পরবর্তী সময়ে ই-মেইল মাধ্যমটি মানুষের কাছে অত্যন্ত জনপ্রিয় হয়ে ওঠে এবং সেই সাথে মানুষ এর গুরুত্ব বুঝে ই-মেইলকে একটি প্রচার মাধ্যম করে তোলে যেটা আজকের আধুনিক বিশ্বে অনলাইন মার্কেটিং এর অনেক বড় একটি অংশ হিসেবে অবস্থান নিয়েছে।

ফ্রিল্যান্স মার্কেটের ই-মেইল মার্কেটিং খুবই জনপ্রিয় একটি বিষয় তাই একজন ফ্রিল্যান্সার হিসেবে অনেকেই এখন ই-মেইল মার্কেটিং এর উপর আগ্রহ দেখাচ্ছে। কারন ফ্রিল্যান্স সাইট গুলো থেকে ফ্রিল্যান্সারগণ মাসে প্রায় ৫০,০০০ হাজার থেকে ৩ লক্ষ টাকা পর্যন্ত আয় করতে পারেন। শুধু তাই নয় সারা বিশ্বব্যাপি ফ্রিল্যান্সারগণ ই-মেইল মার্কেটিং করে অনেক অর্থ উপার্যন করছেন। উইকিপিডিয়ার তথ্যানুযায়ী ২০১১ সালে আমেরিকা ১.৫১ বিলিয়ন ডলার ব্যায় করে এই ই-মেইল মার্কেটিং এর জন্য যেটা বর্তমানে ২.৪৮ বিলিয়ন ডলারে গিয়ে পৌছেছে। আর একটি বিষয় যেটি জানলে খুশি হবেন আজকের অনলাইন মার্কেটে যত কিছু বিক্রি হচ্ছে তার প্রায় ৩০% বিক্রি হয় এই ই-মেইল মার্কেটিং এর মাধ্যমে।

আবার অ্যাফেলিয়েট মার্কেটিং করার জন্য ই-মেইল মার্কেটিং অনেক মার্কেটার এর কাছে জনপ্রিয় পদ্ধতি। শুধুমাত্র ই-মেইল মার্কেটিং করে অ্যাফেলিয়েট মার্কেট থেকে অ্যাফেলিয়েশন প্রোডাক্ট সংগ্রহ করে ই-মেইল মার্কেটিং এর মাধ্যমে ক্যাম্পেইন করে প্রতি মাসে ৫০০ ডলার থেকে শুরু করে ২০ হাজার ডলার বা তারও বেশি আয় করে অনেক ফ্রিল্যান্সার।

১৫.২ ই-মেইল মার্কেটিং এর সুবিধা

১। ই-মেইল মার্কেটিং এর মাধ্যমে প্রতিষ্ঠান এর পন্য বা সেবা প্রচার করার জন্য বেশি জনবল প্রয়োজন হয় না।

২। ই-মেইল মার্কেটিং এর মাধ্যমে অল্প পরিশ্রমে অনেক বেশি উপার্জন করা যায়।

www.bookbd.info

৩। ই-মেইল মার্কেটিং এর ফলে অতি অল্প সময়ে অনেক বেশি প্রচার করা যায়।

৪। অন্য প্রতিষ্ঠানকে রেফার করে তাদের কাছ থেকে অর্থ উপার্জন করা যেতে পারে।

৫। ই-মেইল মার্কেটিং এর জন্য উচ্চ হারে হোস্টিং ফি ব্যায় করতে হবে না।

৬। ফ্রিল্যান্সিং মাকেংটের ই-মেইল মার্কেটিং করা খুব সহজ।

৭। ই-মেইল মার্কেটিংয়ের মত এই শক্তিশালী টুলসের ব্যবহার অনেক সহজ এবং খুব বেশি মেধার দরকার হয় না।

৮। ঘরে বসেই এই কাজ করা যায়।

৯। এই কাজ করার জন্য অতিরিক্ত কোন হার্ডওয়্যারের ঝামেলা নেই।

১৫.৩ ই-মেইল মার্কেটিং এর গুরুত্ব।

আপনারা নিশ্চয়ই খেয়াল করেছেন অনলাইনে অনেক গুলো কেনাকাটা করার জন্য অনেক গুলো ওয়েব সাইট আছে। আপনি যদি কোন কিছু অনলাইনে কিনতে চান সেক্ষেত্রে আপনাকে এই সাইট গুলো ভিজিট করতে হবে। কিন্তু আপনি হয় তোবা প্রতিনিয়ত এই সাইট গুলো ভিজিট করবেন না ফলে এই সকল সাইট এর আপডেট নিউজ বা নতুন অফার এগুলো জানতে পারবেন না। কিন্তু এসকল আপডেট নিউজ বা নতুন অফার গুলো আপনাকে ই-মেইল মার্কেটিং এর মাধ্যমে জানিয়ে দেওয়া যায়। সেক্ষেত্রে ই-মেইল এর মাধ্যমে আপনার সাথে যোগাযোগ করার জন্য এসকল প্রতিষ্ঠান গুলোর সাথে খুব ভাল সখ্যতা গড়ে উঠতে পারে।

কিন্তু আপানি যেহেতু ঐ সকল সাইট গুলো প্রতিদিন ভিজিট না করার কারনে তাদের আপডিট নিউজ গুলো জানতে পারছেন না ফলে ঐ সকল সাইট বা প্রতিষ্ঠান গুলো ক্রেতা হারাচ্ছে। কিন্তু ই-মেইল মার্কেটিং এর মাধ্যমে এই সমস্যা দূর করা যায়। কারন একজন ইন্টারনেট ব্যবহারকারী হয়তো বা প্রতিদিন এসকল ওয়েব সাইট গুলো ভিজিট করেন না কিন্তু সে প্রতিদিন অবশ্যই একবার হলেও তার ই-মেইল এর ইনবক্স দেখবেন। তখন অন্তত এই সকল প্রতিষ্ঠান এর আপডেট নিউজ বা অন্য যে কোন অফার গুলো দেখতে পাবেন। এভাবে আসলে ই-মেইল মার্কেটিং খুব গুরুত্বপূর্ণ একটি প্রচার মাধ্যম হিসেবে কাজ করে।

১৫.৪ কিভাবে ই-মেইল মার্কেটিং করতে হয়।

ই-মেইল মার্কেটিং করার সময় প্রথম আপনার খেয়াল করতে হবে আপনার পন্য বা সেবা গ্রহন করার মত কে আছে বা কোন প্রতিষ্ঠান আছে প্রথমে এসকল প্রতিষ্ঠান বা ব্যক্তি গুলোকে টার্গেট করতে হবে। তবে মানুষ এর ক্ষেত্রে অবশ্য টার্গেট করা খুব কঠিন সেক্ষেত্রে আপনি যতগুলো মানুষের ই-মেইল এর ঠিকানা সংগ্রহ করতে পারেন তাদের সবাই আপনার টার্গেট মানুষ হবে।

এখন আপনার প্রতিষ্ঠান এর পন্য বা সেবা সমূহ নিয়ে খুব সুন্দর করে একটি নিউজলেটার তৈরি করুন। নিউজ লেটারটি এমন হতে হবে যেন এইটুকু পড়ে অন্য কোন মানুষ বা প্রতিষ্ঠান গুলো আপনার প্রতিষ্ঠান এর সেবা বা পন্য গুলো বুঝতে পারে এবং আপনার প্রতিষ্ঠান এর উপর আকৃষ্ট হয়। তবে শুধু মাত্র কোন প্রতিষ্ঠান এর পন্য বা সেবা নিয়েই ই-মেইল মার্কেটিং হয় না। এর সাথে বিজনেস প্রোপ্রোজাল বা মাসিক নিউজলেটার পাঠানো ইত্যাদি বিষয় গুলো দেওয়া যেতে পারে।

এখানে খুবই গুরুত্বপূর্ণ একটি বিষয় হল সাবস্ক্রাইবার। অর্থাৎ আপনি অন্য কোন প্রতিষ্ঠান বা ব্যক্তির যদি ই-মেইল মার্কেটিং করে দেন তবে তারা হবে আপনার সাবস্ক্রাইবার।

এখন আপনি যে নিউজলেটারটি তৈরি করেছেন সেটি আপনার টার্গেটে ও প্রতিষ্ঠান বা অন্য সকল ব্যক্তির কাছে ই-মেইল করে দিন। এভাবে ই-মেইল মার্কেটিং করতে হয়। এখানে খুবই গুরুত্বপূর্ণ একটি বিষয় হল সিগনেচার। অর্থাৎ আপনি যে

www.boookbd.info

নিউজ লেটারটি তৈরি করবেন আপনার প্রতিষ্ঠান এর জন্য সেই প্রতিষ্ঠান এর রেফারেন্সে প্রতিষ্ঠান এর মালিকের সিগনেচার থাকবে এই নিউজলেটারে। সে ক্ষেত্রে সুবিধা হল অন্য সবার কাছে আপনার এবং প্রতিষ্ঠান এর পরিচয় হবে। বলে দেওয়া ভাল সার্চ ইঞ্জিনে সার্চ করলে আপনারা অগনিত ই-মেইল এর ঠিকানা পাবেন।

www.bookbd.info

....

অধ্যায়-১৬ ভিডিও মার্কেটিং

(Video Marketing)

১৬.১ *ভিডিও মার্কেটিং কি?*

ভিডিও মার্কেটিং এর জন্য সর্বোৎকৃষ্ট ওয়েবসাইট হল Youtube। Youtube বহুল পরিচিত একটি সাইট যে সাইট ভডিও এর মাধ্যমে সবকিছুর প্রচার এবং প্রসার ঘটায়।

ভিডিও মার্কেটিং বলতে বোঝায় আপনি যখন আপনার প্রতিষ্ঠান বা প্রতিষ্ঠান এর পন্য বা সেবা কোন Video এর মাধ্যমে অন্যান্যদেরকে জানাবেন তখন তাকে ভিডিও মার্কেটিং বলে।

ভিডিও মার্কেটিং যে কোন প্রতিষ্ঠান এর প্রচার এর জন্য খুবই উপযোগী। আসলে ভিডিও মার্কেটিং এর মাধ্যমে আপনি আপনার প্রতিষ্ঠান বা প্রতিষ্ঠানের পন্য বা সেবা সমূহ এর আসল চেহারা তুলে ধরতে পারবেন। ফলে ক্রেতা বা ভিজিটর আপনার প্রতিষ্ঠান এর পন্য বা সেবা সমূহ একবার দেখা মাত্রই খুব সহজে বুঝতে পারবে। এতে আরও অনেক সহজে আপনার প্রতিষ্ঠান এর প্রচার লাভ করবে।

১৬.২ *যেভাবে ভিডিও মার্কেটিং করবেন।*

ভিডিও মার্কেটিং এর জন্য উদাহরণ হিসেবে www.Youtube.com এর সাইট এ কিভাবে ভিডিও মার্কেটিং করবেন সেটি দেখানো হলঃ Youtube এ ভিডিও মার্কেটিং করার জন্য প্রথমে যেটি প্রয়োজন হবে সেটি হল আপনার প্রতিষ্ঠানের বা প্রতিষ্ঠান এর পন্য বা সেবা সমূহের সুন্দর এবং আকর্ষনীয় ভিডিও ক্লিপস্। যেটি অবশ্যই আপনার কম্পিউটার এর হার্ডডিস্কে সেভ করে রাখবেন। এখন Youtube এ ভিডিও মার্কেটিং করার জন্য সর্ব প্রথম আপনার কম্পিউটার এর ব্রাউজার এর URL বক্সে লিখুন www.Youtube.com তাহলে নিচের চিত্রের মত একটি পেইজ আসবে। নিচের ডান পাশে উপরে



চিত্রঃ ১৬.২.১ ইউটিউব ডট কম

www.bookbd.info

দাগাঙ্খিত স্থান এবং ওয়েব সাইট এর ডান পাশে উপরে লক্ষ্য করুন এখানে Sign in নামক একটি বাটন আছে। ভিডিও মার্কেটিং করার জন্য সর্ব প্রথম আপনাকে Youtube এ নিজস্ব Account থাকতে হবে এবং এই Account তৈরির জন্য আপনাকে Sign in নামক বাটনে মাউস পয়েন্ট নিয়ে গিয়ে ক্লিক্ করতে হবে। তাহলে Google Account বা Gmail এর Account এর Page আসবে যেখানে আপনাকে Sign in করতে Gmail এর একটি জি-মেইল অ্যাড্রেস এর প্রয়োজন হবে।



চিত্রঃ ১৬.২.২ সাইন ইন ইউটিউব এ্যাকাউন্ট।

এখন নিদিষ্ট স্থান Mail Address এবং Password দিয়ে Sign in বাটনে ক্লিক্ করুন। উল্লেখ্য এখানে বাধ্যতামূলক Gmail এর একটি Mail Address এর প্রয়োজন হবে। যদি Gmail Address না থাকে তবে নতুন করে একটি Gmail Address তৈরি করে নিন। এখন Sign in বাটনে ক্লিক্ করলে নিচের মত একটি পেইজ আসবে যার উপরে Upload নামে একটি বাটন আছে। নিচের চিত্রে লক্ষ্য করুন।

www.boi.info



চিত্রঃ ১৬.২.৩ আপলোড

এখন এই Upload বাটনে ক্লিক্ করুন তাহলে নিচের চিত্রের মত একটি পেইজ আসবে যেখানে লেখা আছে Select File to Upload



চিত্রঃ ১৬.২.৪ সিলেক্ট ফাইল টু আপলোড

এখন এই Select File to Upload এই স্থানে ক্লিক্ করলে যে পেইজটি আসবে সেখান থেকে আপনার প্রতিষ্ঠান এর ভিডিও ক্লিপ টি আপনার হার্ডডিস্ক এর যে স্থানে রাখা আছে সেখান থেকে সিলেক্ট করে দিতে পারেন।

....



চিত্রঃ ১৬.২.৫ ফাইল লোকেশন

এভাবেই আপনার ভিডিও ক্লিপটি Youtube এর সার্ভারে Upload হতে থাকবে এবং visitor আপনার ভিডিও ক্লিপটি দেখতে পাবে। এখন নিচের চিত্রটি লক্ষ্য করুন। এখানে কিছু Option

www.bookmfo

....

বুকবিডি রচিত ও সম্পাদিত অন্যান্য বই সমূহ

- বিগীনিং জুমলা
- অ্যাডভান্সড জুমলা
- প্রফেশনাল জুমলা
- জুমলা টেম্পলেট মেকিং
- বিগীনিং ওয়ার্ডপ্রেস
- অ্যাডভান্সড ওয়ার্ডপ্রেস
- প্রফেশনাল ওয়ার্ডপ্রেস
- ইন্টারনেটে আত্মকর্মসংস্থান-১
- ইন্টারনেটে আত্মকর্মসংস্থান-২
- ই-কমার্স অ্যান্ড জুমলা ভার্চুমার্ট
- ই-কমার্স
- ম্যাক্রোমিডিয়া ড্রিমওয়েভার
- সার্চ ইঞ্জিন অপটিমাইজেশন
- অ্যাডভান্সড সার্চ ইঞ্জিন অপটিমাইজেশন
- প্রফেশনাল সার্চ ইঞ্জিন অপটিমাইজেশন
- ফরেক্স ট্রেডিং
- ই-মার্কেটিং
- এইচ টি এম এল-৫
- অ্যাডভান্সড এইচটিএমএল
- পিএইচপি অ্যান্ড মাই এসকিউএল
- অ্যাডভান্সড পিএইচপি অ্যান্ড মাই এসকিউএল
- অবজেক্ট অরিয়েন্টেড পি.এইচ.পি
- ডেটাবেস মাই এসকিউএল
- সি প্রোগ্রামিং
- জাভা প্রোগ্রামিং
- জাভাস্ক্রিপ্ট
- জুমলা টেমপে□ট মেকিং
- অ্যাডভান্সড ফটোশপ
- অ্যাডভান্সড ইলাস্ট্রেটর
- প্রফেশনাল গ্রাফিক্স ডিজাইন
- প্রফেশনার কম্পিউটার নেটওয়ার্কিং
- ওডেস্ক এবং আউটসোর্সিং
- অ্যাফিলিয়েট মার্কেটিং
- ব্লগিং
- সোস্যাল মিডিয়া মার্কেটিং
- ইন্টারনেট মার্কেটিং
- ওয়েব ডিজাইন
- অ্যাডভান্স এক্সেল
- প্রফেশনাল এক্সেল
- অ্যাডভান্স মাইক্রোসফ্ট ওয়ার্ড
- প্রফেশনাল মাইক্রোসফ্ট ওয়ার্ড
- বিগিনিং এক্সেল
- ই-মেইল মার্কেটিং
- মাইক্রোসফট পাওয়ার পয়েন্ট
- মাইক্রোসফট এক্সেস
- প্রোগ্রামিং লজিক সি
- ব্লগিং এন্ড সোস্যাল মিডিয়া
- ওপেন সোর্স সফ্টরয়্যার
- ক্লাউড কম্পিউটিং
- অ্যানড্রয়েড এবং আই ও এস

www.bookbd.info